# Daily Monitoring Report

**Directorate of Monitoring**

**Bangladesh Betar, Dhaka**

e-mail: dmrbbd@gmail.com

Magh 07, 1430 Bangla, January 21, 2024, Sunday, No. 21, 54th year

# H I G H L I G H T S

UN SG Antonio Guterres and Commonwealth SG Patricia Scotland congratulates Sheikh Hasina on her re-election as PM of BD. Adds, they commit to working with BD govt. (VOA: 09;R. Today: 13)

After meeting with BD counterpart Dr Hasan Mahmud on the sidelines of NAM summit, Indian External Affairs Minister Dr S Jaishankar says Dhaka-Delhi relations are growing from "strength to strength". (VOA: 08)

BNP SJSG alleges that govt. turned Bangladesh into a laughing stock worldwide by 'dummy elections'. AL has turned the country into hell. (R. Today: 14)

At this moment, main goal of BNP is to release of arrested leaders & activists. After that, the party wants to start a new movement. (DW: 11)

BNP leaders and activists are dealing with a large number of cases. They can not stay at home. BNP says, more than 4 million activists are accused in various cases, about 1300 have been sentenced. (BBC: 03)

State Minister for Power expresse fear that gas crisis will not be resolved soon if unstable situation prevails in ME. Adds, if ME situation worsens; there will be a huge pressure on energy price in BD. (BBC: 07)

Escalating attacks on commercial ships in Red Sea create new crisis in importing goods. If this problem is not resolved soon, it will affect the import. A major setback may occur in garment export sector. (Jago FM : 14)

Gas supply remains totally stopped in Chottogram from Thursday night; since November gas supply was very low due to insufficient pressure. People are suffering. (BBC: 07)

4 activists of BCL were killed in a road accident in Sylhet's Jaintapur. Locals attacked Jaintapur UHC & set fire to an ambulance due to non-cooperation of doctors & the fact that the patient was not shifted immediately despite the presence of an ambulance in the garage. (Jago FM: 15)

2 women were killed & at least 10 tourists injured after a tourist jeep fell into a deep gorge at Keokradong of Ruma Upazila in Bandarban. (R. Today: 14)

Indian Home Minister Amit Shah says, after hundreds of Myanmar soldiers fled to India in the face of insurgent attacks, PM Narendra Modi decides to erect a barbed wire fence on India-Myanmar border. (BBC: 04)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**মাঘ ০৭, বাংলা ১৪৩০, জানুয়ারি ২১, ২০২৪, রবিবার, নং- ২১, ৫৪তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী হিসেবে পুনরায় নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস ও কমনওয়েলথ মহাসচিব প্যাট্রিসিয়া স্কটল্যান্ড। বলেছেন, তারা বাংলাদেশ সরকারের সাথে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ। (রে. টুডে: ১৩; ভোয়া: ০৯)

বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্পর্ক আরো গভীর হচ্ছে বলে উল্লেখ করেছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শঙ্কর। ন্যাম সম্মেলনের ফাঁকে, বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে বৈঠকের সময় তিনি এ কথা বলেন। (ভোয়া: ০৮)

ডামি নির্বাচন করে, বিশ্বের কাছে দেশকে হাস্যরসে পরিণত করা হয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, ওবায়দুল কাদেররা এই দেশটাকে দোজখে পরিণত করেছে। (রে. টুডে: ১৪)

এই মুহূর্তে বিএনপির প্রধান লক্ষ্য হলো গ্রেফতার নেতাকর্মীদের মুক্তি। এরপর নতুন করে আন্দোলন শুরু করতে চায় দলটি। (ডয়চে ভেলে : ১১)

দেশের সর্বত্রই বিপুল সংখ্যক মামলা মোকাবিলা করছেন বিএনপির নেতাকর্মীরা। তারা ঘরে থাকতে পারছে না। বিএনপি বলছে, ৪০ লাখের বেশি নেতা-কর্মী এখন বিভিন্ন মামলার আসামি। প্রায় ১৩০০ নেতাকে সাজা দেওয়া হয়েছে। (বিবিসি: ০৩)

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী আশঙ্কা প্রকাশ করেন যে মধ্যপ্রাচ্যে অস্থিতিশীল পরিস্থিতি বিরাজমান থাকলে খুব শীঘ্রই গ্যাস সংকটের সমাধান হবে না। "মধ্যপ্রাচ্যের ঘোলাটে পরিস্থিতি যদি বড় আকার ধারণ করে, তাহলে বাংলাদেশে জ্বালানির মূল্যের ওপর প্রচণ্ড চাপ পড়বে। (বিবিসি: ০৭)

লোহিত সাগরে বাণিজ্যিক জাহাজে একের পরে এক হামলা পণ্য আমদানিতে নতুন সংকট সৃষ্টি করছে। ব্যবসায়ীরা উদ্বেগ প্রকাশ করে জানিয়েছেন, শিগগির এ সমস্যা সমাধান না হলে প্রভাব পড়বে রমজানের পণ্য আমদানিতে। বড় বিপর্যয় ঘটতে পারে তৈরি পোশাক রপ্তানি খাতেও। (জাগো এফএম : ১৪)

বৃহস্পতিবার রাত থেকে চট্টগ্রামে গ্যাস সরবরাহ সম্পূর্ণ বন্ধ; নভেম্বর থেকে গ্যাস সরবরাহ অপর্যাপ্ত চাপের কারণে খুব কম ছিল। কষ্ট মানুষ পাচ্ছে। (বিবিসি: ০৭)

সিলেটের জৈন্তাপুরে প্রাইভেটকার নিয়ন্ত্রণ হারিয়ে চার ছাত্রলীগকর্মী নিহতের ঘটনায় জৈন্তাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে হামলা ও অ্যাম্বুলেন্সে আগুন দিয়েছেন স্থানীয়রা। চিকিৎসকদের অসহযোগিতা ও গ্যারেজে অ্যাম্বুলেন্স থাকা সত্ত্বেও তাৎক্ষণিক রোগী পরিবহনে না দেওয়ায় এ হামলা চালানো হয়। (জাগো এফএম: ১৫)

বান্দরবানের রুমা বগালেক কেওক্রাডং সড়কে পর্যটনবাহী জিপ গাড়ি পাহাড়ের খাদে পড়ে দুই পর্যটক নিহত হয়েছেন। এতে আহত হয়েছেন অন্তত ১০ জন। (রে. টুডে : ১৪)

মিয়ানমারে বিদ্রোহীদের হামলার মুখে শতাধিক সেনা ভারতে পালিয়ে আসার পর ভারতের স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ জানিয়েছেন, ভারত-মিয়ানমার সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে নরেন্দ্র মোদী সরকার।(বিবিসি: ০৪)

# বিবিসি

## তৃণমূলে `ভয়, আতঙ্ক,; বিএনপি,র সামনে পথ কী?

নির্বাচনের আগে একটানা আন্দোলন করেছে বিএনপি। টানা কর্মসূচির শুরুটা ২০২২ সালের অগাস্টে। শুরুতে বিক্ষোভ, মানববন্ধন, বিভাগীয় সমাবেশ। তারপর এলো রোডমার্চ। নির্বাচনের আগের দুই মাসে কখনো হরতাল, কখনো অবরোধ। কখনো হরতাল-অবরোধ দুটোই। কিন্তু নির্বাচনের পরে নতুন করে আর বড় কোন কর্মসূচি নেই। তবে `ভোট বর্জন করায়, বিচ্ছিন্নভাবে কোন কোন এলাকায় সাধারণ মানুষকে ফুল দিয়ে `অভিনন্দন, জানিয়েছেন দলটির নেতারা। যদিও দলটির নেতা-কর্মীদের বড় অংশই একরকম আত্মগোপনে রয়েছে। নির্বাচনের আগে ২৮শে অক্টোবর ঢাকায় দলটির সমাবেশকে ঘিরে সহিংতার পর থেকেই এ অবস্থা। যার রেশ আছে নির্বাচনের পরও। বিশেষ করে মামলা এবং গ্রেপ্তার আতংকে এলাকায় ফিরছেন না অনেকেই। এমন অবস্থায় নতুন করে আন্দোলন কর্মসূচি শুরুর কথা বলছে বিএনপি। কিন্তু নির্বাচনের পরে মাঠ পর্যায়ে দলটির কি সেই সাংগঠনিক সক্ষমতা আছে? আর টানা চতুর্থবার আওয়ামী লীগ ক্ষমতা নেয়ার পর এখন আন্দোলন নিয়েই বা বিএনপির সামনে কী পথ আছে -এসব প্রশ্নও এখন উঠছে। ঢাকার পার্শ্ববর্তী জেলা মুন্সীগঞ্জ। জেলার সব ইউনিয়নেই কার্যক্রম আছে বিএনপি,র। এমনই একটি ইউনিয়ন রামপাল। এই ইউনিয়নে বিএনপির সভাপতি হিসেবে আছেন শফিকুল ইসলাম। ত্রিশ বছরেরও বেশি সময় ধরে করছেন বিএনপির রাজনীতি। নির্বাচনের আগে ছিলেন এলাকা ছাড়া। নির্বাচনের পরে এলাকায় ফিরেছেন। কিন্তু ৪টি মামলা মাথায় নিয়ে রাতে বাড়িতে থাকছেন না।নির্বাচন হয়ে যাবার পর সামগ্রিক যে রাজনৈতিক পরিস্থিতি তাতে করে রাজনীতির প্রতিই আগ্রহ হারিয়ে ফেলেছেন তিনি।

কারণ, তার মতে, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কিংবা স্থানীয় আওয়ামী লীগের নেতা-কর্মীরা যেভাবে `হেনস্থা, করে তাতে করে সম্মান নিয়ে রাজনীতিবিদ হিসেবে এলাকায় থাকা এবং কাজ করাটাই কঠিন হয়ে গেছে। ”ডান্ডা-বেড়ি, কোমরে রশি, হাতে হ্যান্ডকাফ এসব দিয়ে যেভাবে হেয় প্রতিপন্ন করা হয়, সে কারণে আমরা এখন বেশিরভাগই রাজনীতির পথটা এড়িয়ে চলতে চাই। জীবনের যে সিকিউরিটি, সেই পরিবেশও নাই। পরিবার থেকেই এখন রাজনীতিতে যাওয়ার অনুমতি দেয় না ভয়-আতঙ্কের কারণে।„ বলছিলেন শফিকুল ইসলাম। বিএনপি,র এই তৃণমূল নেতা একটানা বিরোধী দলে থেকে মামলা, গ্রেফতারের যে চাপ আর আতঙ্কের কথা বলছেন, সেটা সারা দেশেই দেখা যাচ্ছে। মুন্সীগঞ্জেও খোঁজ নিয়ে জানা যাচ্ছে, নির্বাচন হয়ে যাওয়ার পরও গ্রেফতার আতঙ্কে দলটির আত্মগোপনে থাকা নেতা-কর্মীরা সেভাবে প্রকাশ্যে আসছেন না। বন্ধ আছে দলীয় কার্যালয়। দলের নেতারা কেউ ঢাকায় কেউ অন্য জেলায় অবস্থান করছেন। এরকমই একজন মুন্সীগঞ্জের টঙ্গিবাড়ি উপজেলা বিএনপি,র সভাপতি রিপন মল্লিক। জানাচ্ছেন, তার বিরুদ্ধে দশটি মামলা আছে। এলাকায় গেলেই গ্রেফতার হবেন, সেই আশঙ্কায় মুন্সীগঞ্জের বাইরেই অবস্থান করছেন তিনি। বিবিসি বাংলাকে তিনি বলেন, তার উপজেলায় চার শতাধিক নেতা-কর্মী এখন বাড়ি ছাড়া। মামলার কারণে গ্রামে যেতে পারছেন না। অন্তত ২৫ জন নেতা-কর্মী কারাগারে আছেন। ”যদিও এই নির্বাচনে সাধারণ মানুষ ভোট দিতে যায় নাই। কিন্তু তারপরও আওয়ামী লীগ তো তাদের মতো একটা নির্বাচন করে নিয়েছে। আমরা ভেবেছিলাম, নির্বাচনরে পরে সরকারের যে প্রশাসনযন্ত্র আছে, পুলিশ আছে, তারা একটু সহনশীল হবে। কিন্তু আসলে ওরা নির্মম। তারা একটু সহনশীল হলো না।„ বলছিলেন, রিপন মল্লিক। মুন্সীগঞ্জ বিএনপির স্থানীয় নেতা রিপন মল্লিক বলছেন, তিনিসহ নেতা-কর্মীরা সকলেই এলাকায় ফিরবেন। কয়েকটা মামলায় জামিনের চেষ্টা চলছে। সেটা হলেই এলাকায় ফিরে দলের কার্যক্রম, দল গোছানো এবং যে কর্মসূচি আসবে সেটা পালনে মাঠে নামবেন তারা। তিনি বলছেন, ”আমাদের তো সক্রিয় থাকতেই হবে। এ ছাড়া উপায় নাই। আমরা কর্মসূচি চাই। আমাদের কর্মীরাও বলে কর্মসূচি দেন।„

কিন্তু কবে জামিন হবে, আর কর্মীরা কবে এলাকায় ফিরবেন সেটা একটা বড় প্রশ্ন। বিশেষ করে, বাংলাদেশের সবখানেই যখন বিএনপির নেতা-কর্মীরা বহু সংখ্যক মামলার মোকাবেলা করছেন। বিএনপি,র দেয়া তথ্য অনুযায়ী, সারাদেশে দলটির ৪০ লাখেরও বেশি নেতা-কর্মী এখন মামলার আসামি হয়ে আছেন। আর এ পর্যন্ত সাজাপ্রাপ্ত হয়েছেন বিভিন্ন স্তরের প্রায় ১৩শ নেতা। বিএনপির এসব দাবি আলাদা করে যাচাই করা না গেলেও মামলা, গ্রেপ্তার এবং সাজার কারণে দলটির নেতা-কর্মীদের মধ্যে যে এক ধরনের বিপর্যস্ত অবস্থা এবং বিচ্ছিন্নতা তৈরি হয়েছে সেটা স্পষ্ট। যদিও এর মধ্যেই আবার কোন কোন জেলায় বন্ধ থাকা দলীয় কার্যালয় খুলে রাজনৈতিক কর্মসূচি শুরু করতেও দেখা গেছে বিএনপিকে। কিন্তু বিএনপি,র পক্ষে কি আবারো নেতা-কর্মীদের চাঙ্গা করে আন্দোলন গড়ে তোলা সম্ভব? বিএনপি,র নেতারা অবশ্য দাবি করছেন দল চাঙা আছে। বিএনপি,র যুগ্ম-মহাসচিব মাহবুব উদ্দিন খোকন বলছেন, আন্দোলন নিয়ে হতাশা নেই দলের ভেতরে। ”বিএনপি কর্মী এবং সমর্থক নির্ভর দল। নেতারা জেলে আছে, আমরাও জেলে যেতে পারি। কিন্তু সরকারের যে অপকৌশল যে নেতা ধরলেই আন্দোলন বন্ধ হয়ে যাবে, সেটা ব্যর্থ হয়েছে। আমাদের নেতারা জেলে ছিলো, কিন্তু ভোট বর্জনের আন্দোলন হয়েছে। জনগণ ভোট বর্জন করেছে। যেখানে জনগণ

আমাদের ডাকে সাড়া দিয়ে ভোটে যায় নাই, সেখানে আমরা কেন হতাশ হবো?„ প্রশ্ন মাহবুব উদ্দিন খোকনের। তিনি বলছেন, এখন নেতা-কর্মীদের জামিন এবং কারামুক্তির উপর আলাদা করে জোর দেয়া হচ্ছে। পাশাপাশি কর্মসূচিও আসবে। জানুয়ারি মাসের মধ্যেই দল নির্বাচনের আগে ২৮ অক্টোবরের আগে যেমন অবস্থায় ছিলো, সে অবস্থায় চলে আসবে। বিএনপি নির্বাচনের পরে নতুন কোন কর্মসূচি দেয়নি। জোর দিচ্ছে, কর্মসূচিতে যাওয়ার আগেই যত বেশি সম্ভব নেতা-কর্মীদের জামিনে মুক্ত করার উপর।

এর আগে নির্বাচনের বছরে দলটি ধারাবাহিকভাবে সভা-সমাবেশ, মানববন্ধন, রোডমার্চ করেছে। শেষ পর্যায়ে এসে হরতাল-অবরোধের মতো কঠোর কর্মসূচিও পালন করেছে। সেই সময় বিভিন্ন স্থানে ভাঙচুর, অগ্নিসংযোগ ও নাশকতার ঘটনায় সরকারের পক্ষ থেকে বিএনপিকে দায়ী করা হলেও বিএনপি সেটা অস্বীকার করে। কিন্তু ঘটনা যেটাই হোক, বিএনপির এসব কর্মসূচিতে দাবি আদায় হয়নি, সরকারেরও পতন ঘটেনি। এমনকি নির্বাচনও হয়ে, নতুন সরকার এখন দেশ পরিচালনা করছে। কিন্তু এখন বিএনপি কোন ধরনের কর্মসূচিতে যাবে তা নিয়ে দলের ভেতরে এবং সমমনা দলগুলোর মধ্যে নানা আলাপ আছে। যেহেতু হরতাল-অবরোধের মতো কঠোর কর্মসূচি দিয়ে দাবি অর্জন সম্ভব হয়নি, সেহেতু এমন কর্মসূচিতে গিয়ে আবারো নতুন মামলা এবং `দমন-পীড়নের, পরিস্থিতিতে না যাওয়ার আলোচনাও আছে দলটির ভেতরে।

কিন্তু শেষ পর্যন্ত এবার দলটির কৌশল কী হবে সেটা এখনো স্পষ্ট নয়। তবে যে কৌশলই থাক সেখানে বর্তমান বাস্তবতার প্রতিফলন থাকবে বলেই জানাচ্ছেন বিএনপি,র স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান। ”মানুষ হয়তো প্রত্যাশা করেছিলো এই সরকার বিদায় নেবে। কিন্তু বিদায় তো নেয়নি। কিন্তু এটাও ঠিক একটা স্বৈরাচারী সরকারকে বিদায় দেয়া এটা তো সহজ কোন সংগ্রাম নয়। এটা কঠিন। এবং অনেক সময় দীর্ঘ সময় লাগে। বিএনপি সেভাবেই প্রস্তুতি নিচ্ছে। নির্বাচনের দিন পর্যন্ত আমাদের আন্দোলনের একটা পর্যায় ছিলো। এখন আমরা একটা নতুন পর্যায়ে যাবো। আমরা সামগ্রিক পরিস্থিতি বিবেচনা-বিশ্লেষণ করছি। অবাস্তব বা কল্পিত চিন্তার মাধ্যমে আন্দোলনকে পরিচালিত না করে এখনকার বাস্তবতাকে নিয়েই আমাদের পরবর্তী কর্মসূচি ঘোষণা হবে।„

বিএনপি বলছে, এই মুহূর্তে দল এবং নেতা-কর্মীদের জন্যই আন্দোলন ধরে রাখার কোন বিকল্প নেই। এবং সে আন্দোলনেরই প্রস্তুতি চলছে। কিন্তু যাদের নিয়ে বিএনপি,র আন্দোলন, মামলায় বিপর্যস্ত সেসব নেতা-কর্মীদের কতটা চাঙা করা যাবে তার উপরই নির্ভর করবে বিএনপির আন্দোলন কতটা এগোবে।

(বিবিসি ওয়েব পেজ : ২০.১.২৪ রিহাব)

## মিয়ানমার সীমান্তে কাঁটাতারের বেড়া দেবে ভারত

মিয়ানমারে বিদ্রোহীদের হামলার মুখে শতাধিক সেনা ভারতে পালিয়ে আসার পর ভারতের স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ জানিয়েছেন, ভারত-মিয়ানমার সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে নরেন্দ্র মোদী সরকার। আসাম পুলিশ কম্যান্ডোদের পাসিং আউট প্যারেডে তিনি এই ঘোষণা করেন শনিবার। মিয়ানমার আর ভারতের সীমান্তবর্তী এলাকার মানুষ বিনা ভিসায় একে অন্যের দেশে যাতায়াত করতে পারেন যে ফ্রি মুভমেন্ট রেজিম বা এফএমআর অনুযায়ী, সেটাও আপাতত বন্ধ করা হচ্ছে বলে জানিয়েছেন মি. শাহ। তিনি এরকম সময়ে মিয়ানমার-ভারত সীমান্তে বেড়া দেওয়ার সিদ্ধান্ত নিলেন, যখন মাঝে মাঝেই মিয়ানমার থেকে সেদেশের সেনা সদস্যরা অস্ত্রশস্ত্র সহ পালিয়ে ভারতে আশ্রয় নিচ্ছেন। অক্টোবর থেকে মিয়ানমারের সেনাবাহিনীর সঙ্গে আরাকান আর্মির সশস্ত্র বিদ্রোহীদের যে সংঘর্ষ চলছে, তার মধ্যেই এই সপ্তাহেও নতুন করে ২৭৮ জন মিয়ানমারের সেনা মিজোরামে পালিয়ে এসেছেন। নভেম্বর থেকে দফায় দফায় প্রায় ৬০০ জন সেনা সদস্য এভাবেই মিজোরামে আশ্রয় নিয়েছেন। তাদের আবার ফেরতও পাঠানো হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রীর এই ঘোষণার বিরোধিতা করেছে মিজোরামের অতি ক্ষমতাশালী স্বেচ্ছাসেবী সংগঠন ইয়াং মিজো এসোসিয়েশন এবং ইউনাইটেড নাগা কাউন্সিল। মিজো এবং নাগা জাতিগোষ্ঠীগুলি বলছে ভারত, বাংলাদেশ আর মিয়ানমার - তিন দেশেই তাদের আত্মীয় স্বজনরা বসবাস করেন একই জনজাতি-গোষ্ঠীভুক্ত হওয়ার কারণে। নিয়মিতই তারা যাতায়াত করতে পারেন। কিন্তু সীমান্তে কাঁটাতারের বেড়া দিলে অথবা এফএমআর স্থগিত রাখলে আত্মীয় স্বজনের সঙ্গে যোগাযোগই বন্ধ হয়ে যাবে।অমিত শাহ বলেছেন, ”মিয়ানমারের সঙ্গে আমাদের সীমান্ত উন্মুক্ত। নরেন্দ্র মোদী সরকার সিদ্ধান্ত নিয়েছে যে এই সীমান্তকে সুরক্ষিত করতে হবে। আর সেইজন্যই মিয়ানমারের সঙ্গে পুরো সীমান্তেই বেড়া তৈরি করা হবে, যেরকমটা রয়েছে বাংলাদেশ সীমান্তে। এখন সরকার বিনা বাধায় দুই দেশের মধ্যে যাতায়াতও স্থগিত করছে,” জানিয়েছেন মি. শাহ। মিয়ানমার সরকারের সঙ্গে এফএমআর নিয়ে আলোচনা চালাচ্ছে বলেও জানান তিনি।

ফ্রি মুভমেন্ট রেজিম অনুযায়ী সীমান্তবর্তী অঞ্চলের মানুষ সীমান্তের দুদিকে ১৬ কিলোমিটার পর্যন্ত এলাকায় বিনা ভিসায় চলাচল করতে পারেন। তবে তার জন্য দুই দেশের স্থানীয় কর্তৃপক্ষের অনুমতি লাগে আর অন্য দেশে গিয়ে সর্বোচ্চ ৭২ ঘণ্টা পর্যন্ত থাকা যায়। ভারত-মিয়ানমার সীমান্তে বেড়া দেওয়ার পরিকল্পনার কথা আগে থেকেই অবশ্য জানা যাচ্ছিল। মনিপুর আর মিয়ানমার সীমান্তে অবশ্য বেড়া দেওয়ার কাজও ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। প্রথমে ১০

কিলোমিটারে ওই কাজ চলছে, এরপরে আরও ৭০ কিলোমিটার সীমান্তে বেড়া দেওয়া হবে বলে মনিপুরের সরকারি সূত্রগুলি জানিয়েছে। মিজোরামের মুখ্যমন্ত্রী লালডুহোমা দিল্লিতে গিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে এ নিয়ে আপত্তি জানিয়ে এসেছিলেন। আর স্বরাষ্ট্র মন্ত্রীর ঘোষণার পরে শনিবার মিজোরামের ইয়াং মিজো এসোসিয়েশনও কাঁটাতারের বেড়া দেওয়ার বিরোধিতা করেছে। প্রবল ক্ষমতাশালী ওই স্বেচ্ছাসেবী সংগঠনটির প্রেসিডেন্ট লালমাছুয়ানা বিবিসি বাংলাকে এদিন বলেন, "আমাদের জো জনগোষ্ঠীর মানুষ মিয়ানমার, ভারত আর বাংলাদেশে ছড়িয়ে ছিটিয়ে থাকেন। এরা সবাই একে অপরের আত্মীয়। যখন ভারত বা মিয়ানমার বা বাংলাদেশ স্বাধীন হয়েছিল, তখন তো আমাদের কাছে জানতে চাওয়া হয় নি যে আমরা কোথায় থাকতে চাই। "সে কারণেই ছড়িয়ে ছিটিয়ে রয়েছেন আত্মীয় স্বজনরা। রাজনৈতিক সীমান্ত দিয়ে তো পরিবারের বন্ধন বন্ধ করা যায় না। এখন যদি কাঁটাতারের বেড়া দিয়ে দেওয়া হয়, এফএমআর বন্ধ করে দেওয়া হয়, ব্যাপারটা অনেকটা বার্লিন ওয়ালের মতো হয়ে যাবে," বলছিলেন মি. লালমাছুয়ানা।

ইউনাইটেড নাগা কাউন্সিলও কাঁটাতারের বেড়া দেওয়া আর এমএমআর বন্ধ করার সিদ্ধান্তের বিরোধিতা করছে। তারা কেন্দ্রীয় সরকারের কাছে একটা স্মারকলিপি জমা দিয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এমন এক সময়ে ভারত মিয়ানমার সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়ার কথা আনুষ্ঠানিকভাবে ঘোষণা করলেন, যখন মাঝে মাঝেই মিয়ানমারের সেনা সদস্যরা আরাকান আর্মির বিদ্রোহীদের ধাওয়া খেয়ে ভারতে পালিয়ে আসছেন। আসাম রাইফেলসের সূত্রগুলি জানিয়েছে মিয়ানমার-ভারত সীমান্তের কাছেই কার্মা নদী এলাকায় সেনাবাহিনীর সঙ্গে রাখাইন রাজ্যের বিদ্রোহী সংগঠন আরাকান আর্মি সদস্যদের সংঘর্ষ হয়। সেনা ঘাঁটিও দখল করে নেয় আরাকান আর্মির সদস্যরা। তারপরেই মিয়ানমার সেনাবাহিনীও ২৭৮ জনের একটি দল অস্ত্রশস্ত্র, গোলাবারুদ নিয়ে মিজোরামে প্রবেশ করে বলে আসাম রাইফেলসের সূত্রগুলি জানাচ্ছে। ভারতে আসার পরে তাদের আপাতত আসাম রাইফেলসের শিবিরে রাখা হয়েছে। বায়োমেট্রিক তথ্য সংগ্রহ করা হচ্ছে। গত বছরের নভেম্বর থেকে এ নিয়ে মোট ৬৩৬ জন মিয়ানমার সেনা সদস্য ভারতে আশ্রয় নিলেন। তারা ভারতে আশ্রয় নেওয়ার কয়েকদিনের মধ্যেই অবশ্য তাদের দেশে ফেরত পাঠিয়ে দিচ্ছে ভারত। এর আগে ভারতীয় বিমান বাহিনীর দুটি হেলিকপ্টারে করে একটি দলকে মনিপুরের মোরে সীমান্তে নিয়ে গিয়ে মিয়ানমারের সেনাবাহিনীর কাছে ফেরত দেওয়া হয়েছে। এবছর জানুয়ারিতেও মিজোরামের রাজধানী আইজলে মিয়ানমারের সামরিক বিমান এসে তাদের দেশের সৈন্যদের ফেরত নিয়ে গেছে। বারবার যেভাবে মিয়ানমারের সেনা সদস্যরা মিজোরামে ঢুকে পড়ছেন, তাকে খুব একটা ভাল চোখে দেখছেন না ইয়াং মিজো এসোসিয়েশনের প্রেসিডেন্ট মি. লালমাছুয়ানা।

তিনি বিবিসি বাংলাকে বলছিলেন, "হঠাৎ হঠাৎ বড় বড় বন্দুক আর গোলাবারুদ নিয়ে সামরিক পোশাক পরে তারা ভারতে চলে আসছে। ভারত সরকার তাদের আশ্রয় দিচ্ছে ঠিকই, কিন্তু সীমান্ত অঞ্চলের প্রত্যন্ত গ্রামের সাধারণ মানুষ তো ভয় পেয়ে যাচ্ছেন ওই সব অস্ত্রশস্ত্র দেখে। তারা যেসব এলাকায় থাকেন, সেখানে কাছাকাছি না আছে থানা, না সীমান্ত প্রহরা। "মিয়ানমারের সেনা সদস্যরা গ্রামে ঢুকে পড়লে স্থানীয় মানুষ যে থানায় খবর দেবে তাড়াতাড়ি সেই সুযোগও নেই। এটা উচিত হচ্ছে না। বারেবারে একই ঘটনা ঘটছে," বলছিলেন মি. লালমাছুয়ানা।

(বিবিসি ওয়েব পেজ :২০.১.২৪ রিহাব)

## নির্বাচন নিয়ে আমেরিকার চেয়ে জাপানের ভিন্ন অবস্থান যে কারণে

বাংলাদেশে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পরদিন বেশ দ্রুত গতিতে ঢাকায় নিযুক্ত জাপানি রাষ্ট্রদূত গণভবনে গিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে যেভাবে অভিনন্দন জানিয়েছেন সেটি অনেকের কাছে বেশ `অপ্রত্যাশিত, ছিল। ভারত, চীন ও রাশিয়া দ্রুত অভিনন্দন জানাবে এটা প্রত্যাশিত ছিল। কিন্তু নির্বাচনের গ্রহণযোগ্যতার প্রশ্নে পশ্চিমাদের পাশ কাটিয়ে জাপান যে অবস্থান নিয়েছে সেটি নিয়ে নানা আলোচনা রয়েছে। এর বড় কারণ হচ্ছে – যুক্তরাষ্ট্রের ঘনিষ্ঠ মিত্র জাপান। যুক্তরাষ্ট্র, ব্রিটেন ও অস্ট্রেলিয়া নির্বাচনের গ্রহণযোগ্যতা নিয়ে নানা প্রশ্ন তুলেছে। বাংলাদেশের সাবেক পররাষ্ট্র সচিব তৌহিদ হোসেন বিবিসি বাংলাকে বলেন, নির্বাচনের পর জাপান ছাড়া বাকিদের প্রতিক্রিয়া প্রত্যাশিতই ছিলো। গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে – এসব দেশের প্রতিক্রিয়া দেয়া পর্যন্ত জাপান অপেক্ষা করেনি। অথচ বছর দেড়েক আগে ঢাকায় নিযুক্ত তৎকালীন জাপানি রাষ্ট্রদূত ইতো নাওকি ২০১৮ সালে অনুষ্ঠিত নির্বাচন নিয়ে সমালোচনা করেছিলেন। মি. নাওকি বলেছিলেন, ২০১৮ সালে বাংলাদেশের একাদশ সংসদ নির্বাচনের আগের রাতেই পুলিশ ব্যালট বাক্স ভর্তি করেছিল বলে তিনি শুনেছেন। পৃথিবীর অন্য কোন দেশে এমন কথা শোনেননি বলেও মন্তব্য করেন তিনি। তার সেই বক্তব্য সরকারের মধ্যে অস্বস্তি তৈরি করেছিল।

প্রশ্ন হচ্ছে, এতো দ্রুত জাপানের অবস্থান বদলে গেল কেন? এর পেছনে কী কারণ থাকতে পারে? বাংলাদেশ নিয়ে জাপানের দৃষ্টিভঙ্গিও কি ভারত, রাশিয়া ও চীনের মতো হয়েছে? এসব নানা প্রশ্ন ঘুরপাক খাচ্ছে। আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষকরা বলে থাকেন, কূটনীতিতে সব দেশই নিজেদের স্বার্থকে অগ্রাধিকার দিয়ে থাকে। `জাপান নিয়ে সবসময়ই একটু দ্বিধা থাকে। কারণ, কোনও কোনও ক্ষেত্রে পশ্চিমের সাথে তাদের প্রতিক্রিয়া মেলে না,, বলছিলেন তৌহিদ

হোসেন। রোহিঙ্গা সংকটের উদাহরণ টেনে মি. হোসেন বলেন, `তখন পশ্চিম যতটুকু `লিপ সার্ভিস, দিয়েছে জাপান তাও দেয়নি। তারা কিন্তু বিনিয়োগ এবং অন্যান্য জিনিসপত্র নিয়ে সামরিক শাসকদের পক্ষেই ছিলো,।

সাবেক রাষ্ট্রদূত হুমায়ূন কবির মনে করেন, জাপান নির্বাচন প্রক্রিয়াটাকে গ্রহণ করেছে ইতিবাচকভাবে। বিবিসি বাংলাকে তিনি বলেন, `এখানে একটা জিনিস মনে রাখতে হবে যে, বাংলাদেশের সক্ষমতা বৃদ্ধির সাথে সাথে কিন্তু খানিকটা প্রতিদ্বন্দ্বিতার জায়গা এখানে হয়েছে। বড় বড় প্রজেক্টগুলো যদি দেখেন এক্সপ্রেসওয়ে করেছে চাইনিজরা, মেট্রোরেল করেছে জাপানিরা, পদ্মাসেতু করেছে চাইনিজরা,। `লক্ষ্য করবেন, আমাদের যে প্রয়োজন আমাদের যে চাহিদা সেই প্রয়োজনের যোগান দেয়ার মতো একটা কৌশলগত প্রতিদ্বন্দ্বিতা কিন্তু আছে। চীনারা যখন এই ব্যাপারে উদ্যোগ গ্রহণ করেছে, জাপান কিন্তু তার জাতীয় স্বার্থের আলোকে সেখানে পিছিয়ে থাকতে চায়নি।, যোগ করেন মি. কবির। তার মতে, জাপানকে পশ্চিমা জগতের সহযোগী হিসেবে না দেখে চীন এবং জাপানকে পাশাপাশি দেখলে বুঝতে সুবিধা হবে কেন জাপান পশ্চিমা জগত থেকে বেরিয়ে এসে নিজস্ব অবস্থান নিলো। `প্রত্যেক দেশ তার নিজস্ব জাতীয় স্বার্থ এবং আঞ্চলিক এবং বৈশ্বিক অগ্রাধিকারের আলোকেই বাংলাদেশেকে তাদের পররাষ্ট্র নীতির অংশীদার হিসেবে চিন্তা করে। চীন-জাপান তার ব্যতিক্রম নয়। দুই দেশেরই দৃষ্টিভঙ্গিটা মূলত অর্থনীতি কেন্দ্রিক। কারণ তারা জানে এখানে বিনিয়োগের একটা বড় সুযোগ আছে। সেই সুযোগটা তারা কাজে লাগাতে চায়,। `সেক্ষেত্রে তারা এমন কোনও রাজনৈতিক অবস্থানে যেতে চায় না যে অবস্থানে গেলে তার অর্থনৈতিক স্বার্থটা ক্ষতিগ্রস্ত হতে পারে বা চ্যালেঞ্জের মুখে পড়তে পারে,। উল্লেখ করেন মি. কবির।

বিশ্লেষকদের বক্তব্যে স্পষ্ট, জাপান এশিয়া অঞ্চলের জন্য `নিজস্ব দৃষ্টিভঙ্গি, পোষণ করে। স্বাধীনতার পর থেকে বাংলাদেশের অর্থনৈতিক ও অবকাঠামো উন্নয়নে, বিশেষতঃ দ্বিপাক্ষিক আর্থিক সাহায্যের ক্ষেত্রে জাপান বরাবরই সবচেয়ে বড় সহযোগী ছিলো। তবে, সাম্প্রতিক বছরগুলোতে `বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ, নামে কয়েকশ কোটি ডলারের চীনা উদ্যোগ এশিয়া ও আফ্রিকার বিস্তীর্ণ অংশের মতো বাংলাদেশেও চীনের উপস্থিতিকে আরও দৃশ্যমান করে তোলে। বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদন থেকে জানা যাচ্ছে, আঞ্চলিক প্রভাব বিস্তারের লক্ষ্যে চীনের করা ওই উদ্যোগের বিকল্প দাঁড় করানোর একটা প্রচেষ্টা ভারত ও জাপানের মধ্যে লক্ষণীয়। সেই লক্ষ্যে বাংলাদেশ, শ্রীলঙ্কা ও আফ্রিকা জুড়ে অবকাঠামো প্রকল্প গড়ে তুলছে দেশ দু,টি।

বাংলাদেশে এ মূহুর্তে তিনশ,র বেশি জাপানি কোম্পানি কাজ করছে। দেশটির জন্য গড়ে তোলা হয়েছে বিশেষ অর্থনৈতিক অঞ্চলও। সেই সঙ্গে যুক্ত হয় গভীর সমুদ্র বন্দর নির্মাণ প্রকল্প। কক্সবাজার উপকূলে গভীর সমুদ্র বন্দর নির্মাণের আকাঙ্ক্ষা ছিলো বাংলাদেশের। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১০ সালে চীনে গিয়ে বন্দর নির্মাণে দেশটির সাহায্য চেয়েছিলেন। চীন বেশ আগ্রহের সঙ্গেই এই প্রস্তাবে সাড়া দিয়েছিল। স্থান নির্ধারণ করা হয় মহেশখালী উপজেলার সোনাদিয়ায়। "কিন্তু তখন যুক্তরাষ্ট্র, জাপান এবং ভারত সম্মিলিতভাবে বাংলাদেশের ওপর চাপ প্রয়োগ করে এই পরিকল্পনা বাদ দিতে। তারা উল্টো প্রস্তাব দেয় সোনাদিয়া হতে অল্প দূরত্বে মাতারবাড়িতে জাপানের সহায়তায় গভীর সমুদ্র বন্দর নির্মাণের জন্য। বাংলাদেশ ২০১৪ সালে শেষ পর্যন্ত সেই সিদ্ধান্তই নেয়।„ বিবিসি বাংলাকে গত বছর দেয়া এক সাক্ষাৎকারে মালয় বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এবং প্রতিরক্ষা বিশেষজ্ঞ সৈয়দ মাহমুদ আলী এই অভিমত তুলে ধরেন।

হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের ফেয়ারব্যাংক সেন্টার ফর চাইনিজ স্টাডিজের গবেষণা সহযোগী অনু আনোয়ারও একই ধারণা ব্যক্ত করেছেন। জাপানি গণমাধ্যম নিক্কেই এশিয়াকে তিনি বলেছেন, সোনাদিয়ায় বন্দর নির্মাণে চীনের সাথে চুক্তির পরিকল্পনা সফল হয়নি `ভারতের বিরোধিতার কারণে,। কিন্তু চীন যা দিতে পারে সেটি দেয়ার সক্ষমতা ভারতের নেই। সে কারণে জাপানকে স্বাগত জানিয়েছে তারা। দেশটির অর্থায়নে সোনাদিয়ার অদূরে মহেশখালীরই মাতারবাড়ীতে হচ্ছে গভীর সমুদ্র বন্দর। "এখন এই বন্দরে বাংলাদেশের যেমন লাভ হবে তেমনি ভারতেরও কম লাভ হবে না,„ বলছিলেন মি. আনোয়ার। তবে, নয়া দিল্লির রিসার্চ অ্যান্ড ইনফরমেশন সিস্টেমে ফর ডেভেলপিং কান্ট্রিজ এর অধ্যাপক প্রবীর দে এ ব্যাপারে ভিন্ন মত পোষণ করেন। তার বিশ্লেষণ, বাংলাদেশের সঙ্গে জাপানের সম্পর্ক `অর্গানিক,। তৃতীয় কোন দেশের এতে প্রভাব নেই। স্বতঃস্ফূর্তভাবেই এই সম্পর্কটা গড়ে উঠেছে।

তবে, দূর প্রাচ্যের দেশটির সঙ্গে প্রতিবেশীর সম্পর্কের গভীরতা ভারতের বোঝাপড়ায়ও ইতিবাচক ভূমিকা রাখে বলে মনে করেন তিনি। তিনটি দেশের অভিন্ন সম্ভাবনাগুলোকে এখনো পুরোপুরি ব্যবহারই করা যায়নি, যোগ করেন অধ্যাপক প্রবীর। বৈশ্বিক পরাশক্তিগুলোর আধিপত্য বিস্তারের হিসাব-নিকাশের মধ্যে বাংলাদেশকে সাথে নিয়ে আলোচ্য দুই দেশের আঞ্চলিক অবস্থান দৃঢ় করার প্রবণতা দেখেন অধ্যাপক প্রবীর দে। তার ভাষায়, `এটা একটা ভালো প্রভাব বলয় হয়ে উঠছে। বাংলাদেশের যে কৌশলগত অবস্থান ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল বিশেষ করে বঙ্গোপসাগরে তার গুরুত্ব অপরিসীম। আর, ভৌগোলিক অবস্থান তো অপরিবর্তনীয়। এর সঙ্গে ভারত এবং জাপান যুক্ত হলে তাদের অর্থনৈতিক গুরুত্ব অনেক বেড়ে যায়।, এর ফলে, শক্তিধর দেশগুলোর পক্ষ থেকে কোন কিছু আগের মত চাপিয়ে দেয়া সম্ভব হবে না বলে মনে করেন মি. প্রবীর। আর, সাবেক রাষ্ট্রদূত হুমায়ূন কবির বিবিসি বাংলাকে বলেন, `মার্কিন

যুক্তরাষ্ট্রকেও বৃহত্তর ইন্দো প্যাসিফিক কৌশলকে অগ্রাধিকার দিয়ে এই অঞ্চলে তাদের নীতি প্রয়োগ করতে হবে,। জাপান ও ভারত এই কৌশলের গুরুত্বপূর্ণ অংশীদার। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ভারত, চীন, জাপানের প্রতিনিধিদের অভিনন্দন জানানোর ক্ষেত্রে সাদৃশ্য থেকে এটা স্পষ্ট যে, বাংলাদেশের নির্বাচন ও নতুন সরকারের ব্যাপারে তাদের সবার অবস্থানই ইতিবাচক।

প্রবীর দে,র মতে, প্রতিবেশীদের সঙ্গে ভারতের সম্পর্ক অত্যন্ত সুদৃঢ়। অর্থনৈতিক দিক থেকে সরাসরি সম্পৃক্ততা, সাংস্কৃতিক সাদৃশ্য এই সম্পর্কগুলোকে আরও গভীর করেছে। তাই এর মধ্যে `চীন ঢুকে পড়লে কিছু নড়াচড়া হয়তো হবে কিন্তু সম্পর্কটা ভেঙে পড়বে না,। অধ্যাপক প্রবীর যোগ করেন, ভূ-রাজনৈতিকভাবে ভারত এবং জাপান একে অপরের পরিপূরক। অভিন্ন স্বার্থগুলোর ক্ষেত্রে চীনের সাথে তাদের সহাবস্থান বজায় রাখাটা খুব একটা `চ্যালেঞ্জিং, নয়। আবার ভূ-অর্থনীতিতে চীনের সাথে দেশ দুটির বরং সহযোগিতার প্রবণতাই দেখা যায় বলে তিনি মনে করেন। উদাহরণ হিসেবে দেখাচ্ছেন, দিল্লিতে মেট্রোরেল নির্মাণে জাপানি প্রকল্পে চীনের অর্থায়নের বিষয়টিকে। এসবের পরেও নিরাপত্তা ইস্যুতে কিছুটা দূরত্ব অবধারিতভাবে থেকেই যায় বলে উল্লেখ করেন তিনি।

(বিবিসি ওয়েব পেজ : ২০.১.২৪ রিহাব)

## 'রান্না তো দূরের কথা, বাচ্চাকে পানিও ফুটিয়ে খাওয়াতে পারছি না'

”খাবার রান্না করা তো দূরের কথা, বাচ্চাদের পানিটাও ফুটিয়ে নিরাপদ করে খেতে দিতে পারছি না কদিন ধরে।„ চট্টগ্রাম শহরের হাজার হাজার মানুষের দিনযাপনের গল্পটা ফিরিঙ্গি বাজারের বাসিন্দা ননী ঘোষের মতই। নিয়মিত গ্যাসের সরবরাহ না থাকায় পরিবারের সদস্যদের জন্য খাবারের যোগান দিতেই ঘুম হারাম হচ্ছে তার মত হাজারো গৃহিণীর। ”চুলায় কিছুটা গ্যাস পাওয়া যায় রাতে তিনটা-চারটার দিকে। গত কয়েকমাস ধরে মাঝরাতে ঘুম থেকে উঠে ঐ অল্প গ্যাসে কোনোরকমে সকালের নাস্তা তৈরি করি। গত দু,দিন ধরে সেই সামান্য গ্যাসও আসছে না।„

কয়েক মাস ধরে বাড়িতে নিয়মিত গ্যাস না পাওয়া যাওয়ায় কিছুদিন আগে কেরোসিনের চুলা কিনেছেন ননী ঘোষ। কিন্তু কোরোসিনের চুলা খরচ সাপেক্ষ হওয়ায় সবসময় সেটি ব্যবহার করেন না তিনি। চট্টগ্রামে গ্যাস সরবরাহের এই বেহাল পরিস্থিতির শুরু হয় গত নভেম্বর থেকে। সেসময় থেকেই শহরের অনেক বাসিন্দা খাবার রান্নার জন্য ঘরে কেরোসিন বা লাকড়ির চুলা এনে রেখেছেন। ঘরে গ্যাস সিলিন্ডারও কিনে রেখেছেন অনেকে।

নভেম্বর থেকে গ্যাস সংকট চললেও দিনের কোনো না কোনো সময় গ্যাস পাওয়া যাচ্ছিল। তবে গত দু,দিন একেবারেই বন্ধ ছিল গ্যাস সরবরাহ। যার ফলে রেস্টুরেন্টে আর খাবারের দোকানে ভিড় করতে দেখা গেছে মানুষকে। কিন্তু দোকানে খাবারের ব্যাপক চাহিদা থাকায় দোকানগুলোও সবাইকে খাবার দিতে পারছে না। গ্যাস সংকটে চট্টগ্রামের মানুষের যে শুধু খাবার জোগাড়ে দুর্ভোগ পোহাতে হচ্ছে, তা নয়। বাসাবাড়ির পাশাপাশি গ্যাস পাম্পেও গ্যাস ছিল না গত দু,দিন ধরে। যা প্রভাব পড়েছে নগরের যাত্রী পরিবহন সেবাতেও। সিএনজি চালিত অটোরিকশা সহ বহু গাড়িকে বৃহস্পতিবার রাত থেকে শনিবার দুপুর পর্যন্ত গ্যাস পাম্পের বাইরে দীর্ঘ লাইনে দাঁড়িয়ে থাকতে দেখা গেছে। গ্যাস পাম্পগুলোর গল্পটাও বাসাবাড়ির মতই। বৃহস্পতিবার রাত থেকে গ্যাস সরবরাহ একেবারে বন্ধ হয়ে গেলেও গ্যাসের নিয়মিত সরবরাহ না থাকা বা পর্যাপ্ত চাপ না থাকার মত বিড়ম্বনার মধ্য দিয়ে পাম্পগুলো চলছে নভেম্বর মাস থেকেই। টাইগার পাস এলাকার ইন্ট্রাকো ফিলিং স্টেশনের ম্যানেজার আবদুর রহমান বলছিলেন দু,দিন ধরে তাদের পাম্প বন্ধ রয়েছে। কিন্তু পর্যাপ্ত সরবরাহ না থাকায় নভেম্বর মাস থেকেই সীমিত পরিসরে ব্যবসা পরিচালনা করতে হয়েছে তাদের। ”গত দুই মাসে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত গ্যাসের চাপ থাকে না বললেই চলে, যার ফলে যানবাহনে গ্যাস দেয়া সম্ভব হয় না। তারপর নিয়ম অনুযায়ী সন্ধ্যা ৬টা থেকে রাত এগারোটা পর্যন্ত গ্যাস দেয়া বন্ধ রাখতে হয়। রাত এগারোটার পর কিছুটা ব্যবসা করতে পারি আমরা।„ তিনি বলছিলেন গত দুই মাস ধরে লোকসান দিয়েই ব্যবসা চালাচ্ছে প্রতিষ্ঠানটি। এরকম পরিস্থিতি আরো কিছুদিন চলতে থাকলে প্রতিষ্ঠান কর্মী ছাঁটাইয়ে বাধ্য হবে বলে আশঙ্কা প্রকাশ করেন মি. রহমান। গ্যাস স্টেশনগুলোর মত কর্মী ছাঁটাইয়ের আশঙ্কা রয়েছে গ্যাস নির্ভর অন্যান্য শিল্প প্রতিষ্ঠানেও। কারণ দেশের অন্যান্য জায়গার মত চট্টগ্রামেও গার্মেন্টস, সার কারখানা, স্টিল মিলসের মত প্রতিষ্ঠানগুলোর উৎপাদন গ্যাসের নিয়মিত ওপর নির্ভরশীল। পর্যাপ্ত গ্যাস না থাকায় এসব কারখানায় নিয়মিত কার্যক্রম উৎপাদন ব্যাপকভাবে ব্যাহত হচ্ছে।

চট্টগ্রাম চেম্বার অব কমার্সের পরিচালক মাহফুজুল হক শাহ বলছিলেন গ্যাসের নিরবিচ্ছিন্ন সরবরাহ না থাকা শিল্প খাতকে বহুমুখী ঝুঁকির মধ্যে ফেলছে। ”নভেম্বর থেকে গ্যাস সরবরাহ পর্যাপ্ত না থাকায় শিল্প কারখানাগুলো উৎপাদন কমাতে বাধ্য হয়েছে। বড় ধরনের ফ্যাক্টরিগুলোর মেশিনগুলো একটা নির্দিষ্ট পরিমাণ জ্বালানিতে কাজ করার জন্য প্রস্তুত করা হয়। সেই পরিমাণ জ্বালানি না পাওয়া গেলে উৎপাদন তো কমেই, মেশিনেও ক্ষতির পরিমাণ বেশি হয়।„ আর সবচেয়ে বেশি ক্ষতি হয় গার্মেন্টসের মত রপ্তানি পণ্য তৈরি করা প্রতিষ্ঠানগুলো। কারণ পর্যাপ্ত জ্বালানি সরবরাহ না হলে তারা বিদেশি ক্রেতাদের কাছে সময়মত অর্ডার সাপ্লাই করতে পারে না। যার ফলে প্রতিষ্ঠানের সুনাম ক্ষতিগ্রস্ত হয়, আবার ক্রেতারাও অনেক সময় ঐ প্রতিষ্ঠান থেকে মুখ ফিরিয়ে নেয়।„

এরকম পরিস্থিতি দীর্ঘ সময় ধরে চলতে থাকলে কর্মী ছাঁটাই করা ছাড়া প্রতিষ্ঠানগুলোর সামনে পথ থাকবে না বলে বলছিলেন মি. শাহ। সরকারি হিসেব অনুযায়ী, বাংলাদেশে দৈনিক গ্যাসের চাহিদা চার হাজার ঘনফুটের বেশি। আর দৈনিক সরবরাহ করা হয় আড়াই হাজার থেকে তিন হাজার মিলিয়ন ঘনফুট গ্যাস। এর মধ্যে ৯০০ থেকে এক হাজার মিলিয়ন ঘনফুট গ্যাস আসতো মহেশখালির দু,টি ভাসমান টার্মিনাল থেকে, যেগুলো আমদানিকৃত এলএনজি (লিকুইফাইড ন্যাচারাল গ্যাস) প্রক্রিয়াজাত করে জাতীয় গ্রিডে গ্যাস সরবরাহ করতো। ২০১৮ সালে এই দুটি টার্মিনাল কার্যকর হয়। গ্যাস বিতরণ কোম্পানির কর্মকর্তারা বলছেন রক্ষণাবেক্ষণের জন্য এই টার্মিনাল দু,টির একটি নভেম্বরে সিঙ্গাপুর নিয়ে যাওয়া হয়। সে কারণে নভেম্বর মাস থেকে চট্টগ্রামে গ্যাসের সরবরাহে সংকট দেখা দেয়। আর বুধবার মহেশখালিতে অবস্থিত দ্বিতীয় টার্মিনাল থেকেও গ্যাস সরবরাহ বন্ধ হয়ে পড়লে গ্যাসের সংকট তৈরি হয়। তবে রক্ষণাবেক্ষণের কাজ শেষে সিঙ্গাপুর থেকে একটি টার্মিনাল এরই মধ্যে সংযুক্ত হয়েছে আর মহেশখালির দ্বিতীয় টার্মিনালটিও রক্ষণাবেক্ষণের জন্য নিয়ে যাওয়া হবে বলে জানা গেছে। এরকম পরিস্থিতিতে স্বাভাবিকভাবেই প্রশ্ন ওঠে যে গ্যাসের এই সংকট কতদিন চলবে? আর সংকট নিরসনে কী পদক্ষেপ নেয়া হচ্ছে?

সম্প্রতি বিবিসি বাংলাকে দেয়া এক সাক্ষাৎকারে বাংলাদেশের জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নসরুল হামিদ জানান যে আগামী দুই বছরে গ্যাস আহরণ বাড়াতে বিভিন্ন কর্মসূচি হাতে নিতে যাচ্ছে সরকার। ”২০২৫ সালের মধ্যে আমরা অন্তত ১০০টি গ্যাসের কূপ খনন করবো। দুই বছরের মধ্যে আমরা অন্তত আরো ৫০০ মিলিয়ন ঘনফুট গ্যাস নিয়মিত সরবরাহ করতে পারবো বলে আমি আশাবাদী।„ তবে যোগান বাড়লেও গ্যাসের বাড়তি চাহিদা থেকেই যাবে বলে বলছিলেন মি. হামিদ। তার হিসেব অনুযায়ী, গত তিন বছরের মধ্যে বাংলাদেশে গ্যাসের চাহিদা প্রায় দ্বিগুণ হয়েছে। পাশাপাশি, মি. নসরুল হামিদ আশঙ্কা প্রকাশ করেন যে মধ্যপ্রাচ্যে অস্থিতিশীল পরিস্থিতি বিরাজমান থাকলে খুব শীঘ্রই গ্যাস সংকটের সমাধান হবে না। ”মধ্যপ্রাচ্যের ঘোলাটে পরিস্থিতি যদি বড় আকার ধারণ করে, তাহলে বাংলাদেশে জ্বালানির মূল্যের ওপর প্রচণ্ড চাপ পড়বে। তবে আমরা মনে করছি অন্তত এই বছরে গ্যাস আমদানিতে আমাদের সমস্যা হবে না।„(বিবিসি ওয়েব পেজ : ২০.১.২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### মঈন খানঃ বাংলাদেশে গণতন্ত্র ছাড়া অন্য কোনো ব্যবস্থা থাকবে না

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আবদুল মঈন খান বলেছেন যে গণতন্ত্র পুনরুদ্ধার না হওয়া পর্যন্ত বিরোধী দল রাজপথ ছাড়বে না। শনিবার (২০ জানুয়ারি) রাজধানী ঢাকায় বিএনপির সমমনা সংগঠন নাগরিক ঐক্য আয়োজিত গণস্বাক্ষর সংগ্রহ অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। আবদুল মঈন খান বলেন আমরা স্পষ্ট করে বলতে চাই বাংলাদেশে গণতন্ত্র ছাড়া অন্য কোনো ব্যবস্থা থাকবে না। বর্তমান আওয়ামী লীগ সরকার রাষ্ট্রক্ষমতা দখল করে বন্দুকের জোরে দেশ শাসন করছে বলে উল্লেখ করেন মঈন খান। তিনি বলেন এখন শুধু আমরাই বলছি না ৭ জানুয়ারি অনুষ্ঠিত প্রহসনের নির্বাচন নিয়ে সারা বিশ্বের মিডিয়ার দিকে তাকান বিভিন্ন দেশের বিবৃতির দিকে তাকান। গত কয়েক বছর ধরে যা বলে আসছি তারা এখন তার প্রতিধ্বনি করেছে। বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. মঈন খান বলেন দেশে-বিদেশে এটা প্রতিষ্ঠিত যে বাংলাদেশে গণতন্ত্র এখন মৃত। তিনি জানান তাদের দলের একমাত্র লক্ষ্য বাংলাদেশে গণতন্ত্র ফিরিয়ে আনা। বলেন, ইনশাল্লাহ আমাদের গণতন্ত্রের আন্দোলন অব্যাহত থাকবে। বাংলাদেশের মানুষের গণতন্ত্র ও গণতান্ত্রিক অধিকার ফিরিয়ে না দেয়া পর্যন্ত আমরা রাজপথ ছাড়বো না যোগ করেন বিএনপি নেতা মঈন খান। উল্লেখ্য, নাগরিক ঐক্য গণতন্ত্রের পক্ষে ও ৭ জানুয়ারির নির্বাচনকে প্রত্যাখ্যান করে গণস্বাক্ষর সংগ্রহ কর্মসূচির শুরু করেছে। নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না বলেন, আওয়ামী লীগ সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার যোগ্য নয়। তাই, গত ৭ জানুয়ারি তারা একতরফা নির্বাচনের আয়োজন করেছে।
(ভোয়া ওয়েব পেজঃ ২০.০১.২০২৪ রুবাইয়া)

### জয়শঙ্করঃ ঢাকা-দিল্লি সম্পর্ক গভীরতর হচ্ছে

বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্পর্ক আরো গভীর হচ্ছে বলে উল্লেখ করেছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শঙ্কর। ১৯তম ন্যাম সম্মেলনের ফাঁকে, বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে বৈঠকের সময় তিনি এ কথা বলেন। জয়শঙ্কর উল্লেখ করেন যে, কাম্পালায় বাংলাদেশের নতুন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে দেখা করতে পেরে তিনি আনন্দিত। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় শনিবার (২০ জানুয়ারি) জানায়, উভয় দেশের মন্ত্রী পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেছেন। তারা, দুই দেশের মধ্যে বিদ্যমান চমৎকার দ্বিপক্ষীয় সম্পর্ক আরো এগিয়ে নেয়ার বিষয়েও আলোচনা করেছেন বলে জানিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। বলেছে, তারা বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর আসন্ন নয়াদিল্লি সফর নিয়েও আলোচনা করেন। বাংলাদেশ-ভারত সম্পর্ক আরো জোরদার করতে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ আগামী ৭ ফেব্রুয়ারি ভারতের নয়াদিল্লি সফর করার কথা রয়েছে। উল্লেখ্য, জোট নিরপেক্ষ

আন্দোলনের (ন্যাম) ১৯তম শীর্ষ সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব দেন হাছান মাহমুদ। আগামী ২১-২২ জানুয়ারি অনুষ্ঠেয় জি-৭৭,র দক্ষিণ সম্মেলনে (সাউথ সামিট) বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব দেবেন তিনি।
(ভোয়া ওয়েব পেজ: ২০.০১.২০২৪ রুবাইয়া)

## বাংলাদেশে সহযোগিতা জোরদার করতে আগ্রহ প্রকাশ করেছে ডাচ এনজিওগুলো

বাংলাদেশে উন্নয়ন সহযোগিতা জোরদার করতে নেদারল্যান্ডস-এর এনজিওগুলো তাদের আগ্রহ পুনর্ব্যক্ত করেছে। শনিবার (২০ জানুয়ারি) নেদারল্যান্ডসে অবস্থিত বাংলাদেশের দূতাবাস এক বিজ্ঞপ্তিতে এ কথা জানিয়েছে।বিজ্ঞপ্তিতে জানানো হয়, বাংলাদেশ দূতাবাসে আয়োজিতে এক সম্মেলনে নেদারল্যান্ডস-এর এনজিওর প্রতিনিধিরা এ আগ্রহ পুনর্ব্যক্ত করেন। সম্মেলনে ৪০টির বেশি এনজিও থেকে ৬০ জন প্রতিনিধি অংশ নেন। এসব বেসরকারি সংগঠন বাংলাদেশে নারী ও শিশু, জলবায়ু অভিযোজন, স্বাস্থ্য, শিক্ষা, পানি, কৃষি, মানসিক স্বাস্থ্যের মতো ক্ষেত্রে সক্রিয় ভাবে যুক্ত রয়েছেন। নেদারল্যান্ডসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মু. রিয়াজ হামিদুল্লাহর সঞ্চালনায় সম্মেলনে ডাচ পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (আন্তর্জাতিক সহযোগিতা), রাষ্ট্রদূত প্যাসকেল খ্রোটেনহাউস ও রাষ্ট্রদূত (এশিয়া ও ওশেনিয়া) ওয়াউটার ইয়োর্খেন বক্তব্য রাখেন। রাষ্ট্রদূত হামিদুল্লাহ তুলে ধরেন কীভাবে দুই ব-দ্বীপের মানুষ সক্ষমতা ও জ্ঞানের পার্থক্য থাকা সত্ত্বেও, উদ্ভাবন, সহনশীলতা ও উন্নয়ন উদ্যোগের ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধি করেছে। ডাচ এনজিওগুলোকে বাংলাদেশের জনগণের বন্ধু বলে উল্লেখ করেন রাষ্ট্রদূত হামিদুল্লাহ। তিনি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে ডাচ এনজিওগুলো কিভাবে বাংলাদেশে আরো ভূমিকা রাখতে পারে, সেসব ক্ষেত্র ও ধারণা তুলে ধরেন।কয়েক দশক ধরে বাংলাদেশের অর্জনের প্রশংসা করেন রাষ্ট্রদূত প্যাসকেল। তিনি ঝুঁকিপূর্ণ জনসংখ্যার সুরক্ষা ও জীবিকা অর্জনের জন্য একটি সামাজিক-অর্থনৈতিকভাবে অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠনে তার ভাবনা উপস্থাপন করেন।প্যানেল আলোচনায়, অন্তর্ভুক্তি, জলবায়ু সংকট মোকাবেলা ও জীবিকা বিষয়ে ডাচ সরকারি সংস্থা, বিশ্ববিদ্যালয় ও এনজিও থেকে ১০ জন বিশেষজ্ঞ আলোচনা করেন।এছাড়া, বাংলাদেশের অর্থনীতির ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলায়, সামাজিক দৃষ্টিভঙ্গি পরিবর্তনের সুযোগ ও সম্ভাব্য সমাধান নিয়ে আলোচনা করেন বক্তারা।
(ভোয়া ওয়েব পেজ: ২০.০১.২০২৪ রুবাইয়া)

## শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন জাতিসংঘ মহাসচিব গুতেরেস

বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে পুনরায় নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস। বৃহস্পতিবার (১৮ জানুয়ারি) শেখ হাসিনাকে এ অভিনন্দনবার্তা পাঠান আন্তোনিও গুতেরেস। শুক্রবার (১৯ জানুয়ারি) রাতে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় এ তথ্য জানিয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পাঠানো এক বার্তায় আন্তোনিও গুতেরেস বলেন, বাংলাদেশের জনগণের স্বার্থে জাতিসংঘ কান্ট্রি টিমসহ আপনার সরকারের সঙ্গে কাজ করতে জাতিসংঘ প্রতিশ্রুতিবদ্ধ। গুতেরেস বলেন, জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে গুরুত্বপূর্ণ অবদান, রোহিঙ্গা শরণার্থীদের প্রতি উদারতা এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা-সহ বাংলাদেশের সঙ্গে যে অংশীদারিত্ব বিরাজমান, তাকে জাতিসংঘ গভীরভাবে মূল্য দেয়। জাতিসংঘ প্রধান বলেছেন, আমি গ্লোবাল ক্রাইসিস রেসপন্স গ্রুপে আপনার অংশগ্রহণের প্রশংসা করছি এবং বিশ্বাস করি যে, জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই এবং আন্তর্জাতিক আর্থিক কাঠামোর সংস্কারে যে জরুরি প্রয়োজন রয়েছে, সেগুলোসহ ক্রমবর্ধমান বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদের উচ্চাকাঙ্ক্ষায় আমি আপনার সমর্থনের ওপর নির্ভর করা অব্যাহত রাখতে পারি।
(ভোয়া ওয়েব পেজ: ২০.০১.২০২৪ রুবাইয়া)

# রেডিও তেহরান

## বাড়লো ঢাকার মেট্রোরেলের সময়, মতিঝিলে শেষ ট্রেন ছাড়বে রাত ৮টা ৪০'এ

বাংলাদেশের রাজধানী ঢাকায় আজ থেকে মেট্রোরেলের পূর্ণ রুটে দিনভর চলাচল শুরু হয়েছে। এদিকে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন চলতি বছরে সেপ্টেম্বর থেকে পাতাল রেল নির্মাণের কাজ শুরু হবে এ সম্পর্কে বিস্তারিত বলছেন ঢাকা থেকে আমাদের বিশেষ সংবাদদাতা:

ঢাকায় আজ থেকে শুরু হলো মেট্রোরেলের পূর্ণ রুটে দিনভর চলাচল। এখন থেকে ঢাকা মেট্রোরেল উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত সকাল ৭টা ১০ মিনিট থেকে রাত ৮টা ৪০ মিনিট পর্যন্ত চলাচল করবে। উত্তরা থেকে মতিঝিল অভিমুখে প্রথম ট্রেন ছাড়বে সকাল ৭টা ১০ মিনিটে। আর মতিঝিল থেকে সবশেষ ফিরতি ট্রেন ছেড়ে যাবে রাত ৮টা ৪০ মিনিটে। এদিকে, মেট্রোরেলের দিয়াবাড়ির ডিপোতে `বঙ্গবন্ধু কর্নার, উদ্বোধন করেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। এসময় তিনি সেপ্টেম্বর থেকে পাতাল রেলের কাজ শুরুর কথা জানিয়েছেন। ওবায়দুল কাদের বলেন, নভেম্বরে এমআরটি লাইন-৫ এর উড়াল অংশের কাজ শুরু হবে। এছাড়া উত্তরা থেকে টঙ্গী পর্যন্ত মেট্রোরেল সম্প্রসারণের সম্ভাব্যতা যাচাই চলছে বলেও জানান তিনি (স্বকণ্ঠে): কোন দিন কতটা পর্যন্ত চলবে কারণ এই বিষয়টা

আমাদের দেশে নতুন। এখানে মেট্রো লাইনে  চলার যে পদ্ধতি এটি খুবই সাইন্টিফিক ওয়েতে টেকনোলজিটা সাজানো হয়েছে। আনুষ্ঠানিকতা শেষে উত্তরা থেকে মেট্রোরেলে চড়ে সচিবালয়ে যান সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী।
(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ২০.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## চরাঞ্চলে ভালো ফলন হওয়ায় বাড়ছে কৃষকদের আগ্রহ

বাংলাদেশের উত্তর অঞ্চলের বিভিন্ন চর এলাকায় পিসি আবাদের প্রতি কৃষকদের আগ্রহ দিন দিন বাড়ছে এরই মধ্যে উল্লেখযোগ্য ভাবে যমুনার চরে বিভিন্ন কৃষি আবাদে ব্যাপক সাফল্য এসেছে এছাড়া তিস্তা বিস্তৃত চারণভূমি ও এখন আবার যোগ্য জমি। চরগুলোতে নানা জাতের ফসল আবাদ করে স্বাবলম্বী হচ্ছেন কৃষকরা। এ সম্পর্কে প্রতিবেদন পাঠিয়েছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি:

বাংলাদেশের উত্তরাঞ্চলে বিভিন্ন চরাঞ্চলে বাড়ছে কৃষির আবাদ। এরই মধ্যে উল্লেখযোগ্যভাবে যমুনার চরে বিভিন্ন কৃষি পণ্যের আবাদে ব্যাপক সাফল্য এসেছে। বিস্তীর্ণ চরাঞ্চলে এখন সবুজের সমারোহ, জমিগুলো আসছে চাষের আওতায়। কৃষকরা ব্যস্ত সময় পার করছেন মাঠের পরিচর্যায়। স্থানীয়রা বলছেন, একসময়ের প্রমত্তা যমুনার ভাঙ্গন কবলিত চরাঞ্চলে উচ্চ ফলনশীল জাতের বাদামের আবাদও হচ্ছে। বারির উচ্চ ফলনশীল জাতের বাদাম আবাদ জনপ্রিয় হয়ে উঠছে দিন দিন। তিস্তার বিস্তৃত চারণভূমিও এখন আবাদযোগ্য জমি। চরগুলোতে এখন নানা জাতের ফসল আবাদ করে সাবলম্বী হচ্ছেন কৃষকরা। আগের যেকোনো সময়ের চেয়ে এখন চাষাবাদের সঙ্গে বাড়ছে সাবলম্বী পরিবারের সংখ্যাও।

নদী ভাঙ্গনে ভিটেমাটি হারানো শত শত মানুষ এখন ঘুরে দাঁড়ানোর স্বপ্ন দেখছেন। আর্থিক সচ্ছলতা ফিরতে শুরু করেছে নদীর চরাঞ্চলের প্রতিটি ঘরে। খরস্রোত নদীর চরের এখন সব দিকটাই সবুজ প্রান্তর। এই মৌসুমে উত্তরের চরগুলোতে বেড়েছে চাষাবাদ। এ অঞ্চলের চরগুলোয় এখন  `হিডেন ডায়মন্ড,। জনৈক ব্যক্তি (এক) (স্বকণ্ঠে): এই জমিনে বালুটা পড়ে রয়েছে। এখানে বাদাম ছাড়া আর কিছু হয় না। চিনাবাদাম আবাদ করছি। জনৈক ব্যক্তি (দুই) (স্বকণ্ঠে): কৃষি গবেষণার চিনাবাদাম বারি নয়। এটা আবাদ করি, এটাতে খুব ভালো ফলন।প্রতি একরে ১৪ হাজার ১৫ হাজার টাকা খরচ হয়।  সিজনে বিক্রি করলে আমাদের ৩০-৩৫ হাজার টাকা লাভ হয়। শুধু ফসল উৎপাদনেই থেমে নেই চরাঞ্চলের এসব কৃষকরা। বছরে ২৫ লাখ গবাদিপশুর যোগানও দিচ্ছেন তারা। তবে আকস্মিক বন্যা, খরাসহ নানা প্রাকৃতিক দুর্যোগে প্রায় সময়ই তাদের হোঁচট খেতে হয়। চরের জমিতে চাষাবাদে প্রধান সমস্যা সেচ ব্যবস্থা। সমস্যা সমাধানে চরে গভীর কূপ খনন, সোলার পাম্প স্থাপনসহ বিভিন্ন পদক্ষেপ নিয়েছে কৃষি উন্নয়ন কর্পোরেশন। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মাঠ পর্যায়ের কর্মকর্তারা এসব চাষে কৃষকদের পরামর্শ দিয়ে যাচ্ছেন। বারি সরেজমিন গবেষনা বিভাগের উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. আব্দুল হেলিম খান। চরাঞ্চলের পরিত্যক্ত এসব জমিগুলো চাষের আওতায় আনা হলে আবাদ আরও বাড়বে (স্বকণ্ঠে): উৎপাদন প্রযুক্তির উপর তাদের আমরা প্রশিক্ষণ দিয়ে থাকি এবং এ বাদামটা সংরক্ষণ করে তারা কিভাবে পরবর্তী বছর চাষ করতে পারবে তার উপর প্রশিক্ষণ দেই এবং তাদেরকে আমরা  বীজ রাখার জন্য পাত্র দিয়ে থাকি।
(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ২০.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

# এনএইচকে

## মধ্য জাপানের ভূমিকম্প থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের কঠোর জীবনযাত্রা অব্যাহত

নববর্ষের দিনে মধ্য জাপানে ব্যাপকভাবে আঘাত হানা শক্তিশালী ভূমিকম্পটি থেকে বেঁচে যাওয়া বেশ কয়েকজন ব্যক্তি এখনও আশ্রয়কেন্দ্রে কঠোর পরিস্থিতির মুখোমুখি হচ্ছেন বা তাদের গাড়িতে রাত্রিযাপন করছেন। ইশিকাওয়া জেলায় গতকাল শুক্রবার দুপুর ২টা পর্যন্ত ২৩২ জনের মৃত্যু নিশ্চিত করা হয়েছে, যাদের মধ্যে ১৪ জন সম্ভাব্য দুর্যোগ সংশ্লিষ্ট কারণে মারা গেছেন। ভূমিকম্পের পর সুযু শহরের হিরোতা জুকো তার স্বামী ও শাশুড়ি'সহ বাড়ির নিচে আটকা পড়েছিলেন। অবশেষে প্রতিবেশীরা তাকে উদ্ধার করলেও, বের করে আনাদের মধ্যে তিনিই একমাত্র জীবিত ছিলেন। হিরোতার ভাষ্যমতে, তার স্বামী বহু বছর ধরে একটি ড্রাই ক্লিনিং' এর দোকান পরিচালনা করে আসার পাশাপাশি স্থানীয় সমাজের একজন সক্রিয় সদস্য ছিলেন। তিনি এও বলেন যে, জীবনকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা তিনি করবেন। এদিকে ওয়াজিমা শহরে সংক্রামক রোগের উদ্বেগের কারণে অনেক বাস্তুচ্যুত ব্যক্তি এখনও তাদের গাড়িতে ঘুমাচ্ছেন। উল্লেখ্য লোকজন যখন দীর্ঘ সময় ধরে গাড়ির ভিতরে অবস্থান করেন তখন তথাকথিত "ইকোনমি ক্লাস সিন্ড্রোম" এর ঝুঁকি বেড়ে যায়। এই উপসর্গ রোধ করতে লোকজনকে ব্যায়ামের পাশাপাশি পানি পান করায় উৎসাহিত করতে সংশ্লিষ্ট গাড়িগুলো পরিদর্শন করছেন নার্সরা। এদিকে আজ শনিবার বিকেল থেকে দুর্যোগ উপদ্রুত অঞ্চলে বৃষ্টি শুরু হয়েছে। আবহাওয়া কর্মকর্তাদের ভাষ্যানুযায়ী, বৃষ্টি বা তুষারময় আবহাওয়া আরও কয়েকদিন অব্যাহত থাকতে পারে। ভূমিকম্পের পর মাটি আলগা হয়ে যাওয়ায় তারা ভূমিধ্বসের ঝুঁকি সম্পর্কেও সতর্ক করছেন। এছাড়া নিজেদের বাড়িঘর

ছেড়ে অন্যত্র সরে যাওয়া লোকজনকে হাইপোথার্মিয়ার বিরুদ্ধেও সতর্কতা অবলম্বনের পরামর্শ দেয়া হচ্ছে, যার মধ্যে নিজেদের কম্বল দিয়ে ঢেকে রাখার পাশাপাশি ব্যায়াম করাও অন্তর্ভুক্ত রয়েছে।
(এনএইচকে ওয়েব পেজ: ২০.০১.২০২৪ রুবাইয়া)

## ডয়চে ভেলে

## নেতাকর্মীদের কারামুক্তির পথ খুঁজছে বিএনপি?

এই মুহূর্তে বিএনপির প্রধান লক্ষ্য হলো গ্রেপ্তার নেতাকর্মীদের মুক্তি। এরপর নতুন করে আন্দোলন শুরু করতে চায় দলটি। কীভাবে মিলবে এই মুক্তি? সেই পথ খুঁজছে বিএনপির হাইকমান্ড। এ কারণে এখন তারা কঠোর কোনো কর্মসূচি করছেন না। অন্যদিকে সরকার `সফলভাবে' নির্বাচন সম্পন্ন করতে পারায় অনেকটাই `নমনীয়'। ফলে শিগগিরই মুক্তি মিলতে পারে বিএনপি নেতাকর্মীদের। বিশেষ করে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী এ সপ্তাহেই মুক্তি পেতে পারেন। বিএনপি নেতাকর্মীদের জামিনের ব্যাপারে সরকার কি এখন নমনীয়? জানতে চাইলে রাষ্ট্রের শীর্ষ আইন কর্মকর্তা অ্যাটর্নি জেনারেল আবু মোহাম্মদ আমিন উদ্দিন ডয়চে ভেলেকে বলেন, "এখানে নমনীয় বা শক্ত হওয়ার বিষয় নেই। যাদের বিরুদ্ধে মামলা হয়েছে, সেগুলো আইনের নিজস্ব গতিতে চলবে। জামিন দেওয়া বা না দেওয়ার বিষয়টি আদালতের এখতিয়ার। সেখানে রাষ্ট্রপক্ষের যে ধরনের ভূমিকা রাখা প্রয়োজন সেটা থাকবে। সিদ্ধান্ত নেবেন আদালত।„

রাজনৈতিক বিশ্লেষকেরা বলছেন, বিরোধী দলের প্রতি ক্ষমতাসীন দল এখন অনেকটাই নমনীয়। কারণ সরকারী দল আওয়ামী লীগ বিএনপিকে বাইরে রেখে যেভাবে নির্বাচন করে আবার ক্ষমতায় আসতে চেয়েছিল সেটা তো তাদের সফল হয়েছে। নির্বাচনের পর বিরোধী নেতাকর্মীদের বিরুদ্ধে মামলা বা গ্রেপ্তার প্রক্রিয়া কমে এসেছে। ফলে এখন সরকার চাইলে তো তাদের জামিন হতেই পারে। রাষ্ট্রপক্ষ নমনীয় হলেই সেটা সম্ভব। বিএনপির স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমান ডয়চে ভেলেকে বলেন, "মামলার কারণে তো আমাদের হাজার হাজার নেতাকর্মী কারাগারে আছেন। তাদের মুক্ত করাটা এখন আমাদের প্রধান কাজ। আমরা তাদের মুক্তির চেষ্টা করছি। দেশের মানুষ তো জানেন বিচারালয় এখন সরকারের কব্জায়।„ এই কারণে কি বিএনপি কঠোর কোনো আন্দোলনে যাচ্ছে না? জবাবে তিনি বলেন, "বিএনপির আন্দোলন চলমান। শিগগিরই আপনারা কর্মসূচি দেখতে পাবেন। এটার সঙ্গে জামিনের সম্পর্ক নেই। তবে আমরা চেষ্টা করছি, যত দ্রুত সম্ভব নেতাকর্মীদের মুক্ত করতে।„

বিএনপির দাবি, সারা দেশে এক লাখ ১১ হাজার মামলায় দলের প্রায় ৫০ লাখ নেতা-কর্মীকে আসামি করা হয়েছে। অনেকে স্বাভাবিক জীবনযাপন করতে পারছেন না, বাড়িঘরে থাকছেন না, গ্রেপ্তার আতঙ্কে পালিয়ে বেড়াচ্ছেন। এখন নেতা-কর্মীদের স্বাভাবিক পরিস্থিতিতে আনাই বিএনপির মূল লক্ষ্য। প্রায় ২৭ হাজার নেতা-কর্মী এখনো কারাবন্দী বলে দাবি বিএনপির। তবে এই পরিসংখ্যান মানতে রাজি নয় সরকার। সরকারের সংশ্লিষ্টরা বলছেন, বিএনপির নেতা-কর্মীদের গ্রেপ্তারের সংখ্যা ১২ হাজারের মতো হবে। ইতিমধ্যে কয়েক হাজার জামিনে মুক্তি পেয়েছেন। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরীকে নতুন কোনো মামলায় গ্রেপ্তার না দেখালে চলতি সপ্তাহে মুক্তি পেতে পারেন। তারা জামিন পেলে একই ধরনের মামলায় গ্রেপ্তারকৃত অন্য কারাবন্দি নেতাকর্মীরও জামিন পাওয়ার পথ খুলে যাবে বলে জানিয়েছেন বিএনপির আইনজীবীরা। উদ্ভূত পরিস্থিতিতে `কৌশলী অবস্থান' নিয়েছে বিএনপিসহ সমমনা দলগুলোও। এ মুহূর্তে আন্দোলনের বড় ধরনের নতুন কোনো কর্মসূচি না দিয়ে নেতাকর্মী কারামুক্ত করাকেই গুরুত্ব দিচ্ছে তারা। ইতিমধ্যে বিএনপির হাইকমান্ড থেকে নেতাকর্মীদের কারামুক্তির ব্যাপারে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আইনি সহায়তা দেওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে। এর আগে একই নির্দেশনা দেওয়া হলেও দলের সংশ্লিষ্ট শাখার নেতারা গ্রেপ্তার নেতাদের পাশে দাঁড়াননি। এ প্রতিবেদকের সঙ্গে আলাপকালে কারাবন্দি দুই জন ছাত্রনেতার পরিবারের সদস্যরা জানিয়েছেন, দল থেকে যথাযথ আইনি ও আর্থিক সহায়তা না দেওয়ায় তাদের পরিবার ধারদেনা করে আইনি লড়াই চালাচ্ছে। `আইনি সহায়তা সেল' গঠনের সিদ্ধান্ত থাকলেও এতদিনেও তা হয়নি।

বিএনপির আইনবিষয়ক সম্পাদক ব্যারিস্টার কায়সার কামাল ডয়চে ভেলেকে বলেন, "রাজনৈতিক বিবেচনায় বিএনপি নেতাদের বিরুদ্ধে মামলাগুলো করা হয়েছিল। কারাবন্দি কেউ চুরি-ছিনতাইয়ের মামলা আসামী নন। তাদের বিরুদ্ধে যে মামলা করা হয়েছে তার আইনগত ভিত্তি নেই। সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন অভিযোগে এসব মামলায় তাদের গ্রেপ্তার করা হয়েছে। আইন তার নিজস্ব গতিতে চললে বিএনপি মহাসচিবসহ কারাবন্দি সব নেতাই এতদিন জামিন পেয়ে যেতেন। যে মামলায় জামিন পেয়ে নৌকা নিয়ে নির্বাচন করেছেন ব্যারিস্টার শাহজাহান ওমর, সেই একই মামলায় মির্জা ফখরুল ইসলাম আলমগীর, মির্জা আব্বাসসহ অনেক নেতা কারাগারে আছেন। ফলে বোঝাই যাচ্ছে রাজনৈতিক সিদ্ধান্তে এই মামলা হয়েছে। রাজনৈতিকভাবেই সমাধান হবে।„ নির্দলীয় সরকারের অধীনে নির্বাচনের দাবি আদায়ে গত ২৮ অক্টোবর ঢাকার নয়াপল্টনে মহাসমাবেশের ডাক দিয়েছিল বিএনপি। সেই সমাবেশ পন্ড হয়। এরপর থেকে প্রধান বিচারপতির বাসভবনে হামলা ও পুলিশ হত্যাকাণ্ডকে কেন্দ্র করে দলটির বিপুল সংখ্যক নেতাকর্মী গ্রেপ্তার হন। এ

ঘটনাকে কেন্দ্র করে সারাদেশে ১ হাজার ১৭৫ নাশকতার মামলা দায়ের করা হয়েছে। আসামি করা হয় এক লাখ ৫ হাজার ৭৫ বিএনপি নেতাকর্মীকে। গণহারে ২৭ হাজার ৪৮৫ জন নেতাকর্মীকে গ্রেপ্তার করা হয়েছে বলে দাবি করেছে বিএনপি। বিএনপির আইন শাখা বলছে, চলতি সপ্তাহে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের আরেকটি মামলায় জামিন শুনানি হবে। রাজধানীর পল্টন মডেল থানার নাশকতার আরেক মামলায় গত ১৭ জানুয়ারি মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে অন্তবর্তীকালীন জামিন দিয়েছেন আদালত। বয়স ও স্বাস্থ্যগত কারণ দেখিয়ে পৃথক দুই আবেদনের পরিপ্রেক্ষিতে ঢাকার অতিরিক্ত মুখ্য মহানগর হাকিম তাহমিনা হক শুনানি শেষে এ আদেশ দেন। এ নিয়ে গত ২৮ অক্টোবর বিএনপির মহাসমাবেশকে কেন্দ্র করে মির্জা ফখরুলের বিরুদ্ধে ১১ মামলার মধ্যে ১০টিতে জামিন পেলেন তিনি। প্রধান বিচারপতির বাসভবনে হামলা মামলায় জামিন পেলেই কারামুক্ত হতে পারবেন তিনি।
অন্যদিকে মহাসমাবেশকে কেন্দ্র করে সংঘর্ষের ঘটনায় পুলিশ কনস্টেবল হত্যাসহ পল্টন ও রমনা থানায় দুই মামলায় বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরীকে গত ১৭ জানুয়ারি জামিন দিয়েছেন আদালত। ঢাকার অতিরিক্ত মহানগর হাকিম তাহমিনা হক ১০ হাজার টাকা মুচলেকায় তার জামিন মঞ্জুর করেন। এদিন রমনা ও পল্টন মডেল থানার পৃথক চার মামলায় তার ঢাকার আদালতে গ্রেপ্তার ও জামিন শুনানির জন্য দিন ধার্য ছিল। তবে তাকে আদালতে হাজির করা হয়নি। শুনানির জন্য রবিবার দিন ধার্য রয়েছে। শুনানিতে জামিন মঞ্জুর হতে পারে বলে আশাবাদী আইনজীবীরা। তাহলেই মুক্তি মিলবে তার। শুধু এই দুই নেতা নন, অধিকাংশ নেতার একাধিক মামলায় জামিন হয়েছে। আর একটি দু'টি মামলায় জামিন হলেই মুক্তি মিলবে। (ডয়চে ভেলে ওয়েব পেজ :২০.১.২৪ রিহাব)

## রেডিও টুডে

### ভারত-বাংলাদেশ সম্পর্ক ক্রমেই শক্তিশালী হচ্ছে : এস জয়শঙ্কর

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ উগান্ডার কাম্পালায় চলমান ন্যামে-এর ১৯তম শীর্ষ সম্মেলনের ফাঁকে ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস. জয়শঙ্করের সাথে দ্বিপক্ষীয় বৈঠক করেছেন। স্থানীয় সময় শনিবার বিকেলে ড. জয়শঙ্কর এ বৈঠকে ড. হাছান মাহমুদকে পররাষ্ট্রমন্ত্রী হিসেবে নতুন ভূমিকায় অভিনন্দন জানান। উভয় নেতা পারস্পরিক স্বার্থের বিভিন্ন বিষয় এবং দুই দেশের মধ্যে বিদ্যমান চমৎকার দ্বিপক্ষীয় সম্পর্ক আরও এগিয়ে নেওয়ার বিষয়ে আলোচনা করেন। তারা বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর আসন্ন নয়াদিল্লি সফর নিয়েও আলোচনা করেন। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সাথে দেখা করার পর ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস. জয়শঙ্কর তার এক্স হ্যান্ডেলে লিখেছেন, `ভারত-বাংলাদেশ সম্পর্ক ক্রমেই শক্তিশালী হচ্ছে। তিনি আরো লিখেছেন, `তিনি শিগগির তাকে দিল্লিতে স্বাগত জানাতে উন্মুখ হয়ে আছেন। জয়শঙ্কর বলেন, তিনি উগান্ডার কাম্পালায় বাংলাদেশের নতুন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদের সাথে দেখা করে আনন্দিত। তার নিয়োগের জন্য তাকে অভিনন্দন জানাই এবং তার সার্বিক সাফল্য কামনা করি। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী তার প্রথম আনুষ্ঠানিক দ্বিপক্ষীয় সফর হিসেবে ৭ ফেব্রুয়ারি নয়াদিল্লি সফর করবেন। বৃহস্পতিবার ঢাকায় তিনি সাংবাদিকদের ভারতের পররাষ্ট্রমন্ত্রীর আমন্ত্রণে ৭ ফেব্রুয়ারি ভারত সফরে যাওয়ার কথা জানান। (রেডিও টুডে : ২১৪৫ ঘ. ২০.০১.২০২৪ আসাদ)

### টঙ্গী পর্যন্ত মেট্রো সম্প্রসারণের সমীক্ষা চলছে : ওবায়দুল কাদের

রাজধানীর বহু কাঙ্ক্ষিত মেট্রোরেল এবার উত্তরা থেকে টঙ্গী পর্যন্ত সম্প্রসারণ হতে পারে, যা নিয়ে সমীক্ষা চলছে বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের। শনিবার রাজধানীর উত্তরা দিয়া বাড়িতে এমআরটি লাইন ছয়-এর প্রশাসনিক ভবনে বঙ্গবন্ধু কর্নার উদ্বোধন করে তিনি এ কথা বলেন। ওবায়দুল কাদের আরো বলেন, মেট্রোরেল মতিঝিল থেকে কমলাপুর অংশের নির্মাণ কাজ আগামী বছরের জুনে শেষ হবে। এছাড়া তিনি আরো বলেন, বিশ্ব ইজতেমা বইমেলাসহ বিভিন্ন দিবসে মেট্রোরেলের সময়সীমা বাড়ানোর বিষয়টি আলোচনা করে সিদ্ধান্ত নেয়া হবে। শনিবার থেকে উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত মেট্রোরেল সকাল-সন্ধ্যা চালু হয়েছে। যা রাজধানীবাসীর দীর্ঘদিনের যানজট ভোগান্তির অবসান ঘটাবে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২০.০১.২৪ এলিনা)

### দেশের চার জেলায় আবার শুরু হয়েছে মৃদু শৈত্যপ্রবাহ

শীত বেড়ে আবার দেশের চার জেলায় শুরু হয়েছে মৃদু শৈত্যপ্রবাহ। রাতের তাপমাত্রা কমে দেশের অন্যান্য অঞ্চলেও শৈত্যপ্রবাহ বাড়তে পারে বলে জানিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। সকালে দেশের সর্বনিম্ন তাপমাত্রা ৯.৫ ডিগ্রি সেলসিয়াস ছিল মৌলভীবাজারের শ্রীমঙ্গলে। এছাড়া তাপমাত্রা ১০ ডিগ্রি সেলসিয়াসের নিচে রয়েছে রাজশাহী ও দিনাজপুরে। আর ঢাকায় সর্বনিম্ন তাপমাত্রা ১৫ ডিগ্রি সেলসিয়াস থেকে কমে হয়েছে ১৩.৮ ডিগ্রি সেলসিয়াস।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২০.০১.২৪ এলিনা)

## সাড়ে আট ঘণ্টা পর শুরু হয়েছে পাটুরিয়া, দৌলতদিয়া ও রাজবাড়ি নৌরুটে ফেরি চলাচল

ঘন কুয়াশার কারণে প্রায় সাড়ে আট ঘন্টা বন্ধ থাকার পর রাজবাড়ী, দৌলতদিয়া ও মানিকগঞ্জের পাটুরিয়া নৌরুটে ফেরি চলাচল শুরু হয়েছে। সকাল সাড়ে নয়টার দিকে নদীতে ঘন কুয়াশার ঘনত্ব কেটে গেলে এই রুটে পুনরায় ফেরি চলাচল শুরু হয়। এর আগে শুক্রবার দিবাগত রাত একটার দিকে কুয়াশার ঘনত্ব বেড়ে গেলে নৌ দুর্ঘটনা এড়াতে ফেরি চলাচল বন্ধ করে দেয় বিআইডব্লিউটিসি কর্তৃপক্ষ।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২০.০১.২৪ এলিনা)

## সিলেটের জৈন্তাপুরে প্রাইভেটকার নদীতে পড়ে নিহত হয়েছেন চারজন

সিলেটের জৈন্তাপুর-এ প্রাইভেটকার নিয়ন্ত্রণ হারিয়ে নদীতে পড়ে চারজন নিহত হয়েছেন। শুক্রবার দিবাগত রাত বারোটার দিকে উপজেলার বাংলাবাজার এলাকায় এই দুর্ঘটনা ঘটে। স্থানীয়রা জানিয়েছেন, শুক্রবার রাত ১১:৪৫ মিনিটের দিকে জৈন্তাপুর থেকে প্রাইভেটকার নিয়ে জাফলং এ যাচ্ছিলেন উপজেলা ছাত্রলীগের চার কর্মী। প্রাইভেট কারটি চার নম্বর বাংলাবাজার এলাকায় পৌঁছালে তাদের কারটি নিয়ন্ত্রণ হারিয়ে ব্রিজের নিচে পড়ে যায়। ওই সময় স্থানীয়রা তাদের উদ্ধার করে জৈন্তাপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে এলে কর্তব্যরত চিকিৎসক দুইজনকে মৃত ঘোষণা করেন এবং অপর দুজনকে আশঙ্কাজনক অবস্থায় সিলেটে পাঠান। সিলেটে নিয়ে যাওয়ার পথে আরো দুইজন মারা যান।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২০.০১.২৪ এলিনা)

## বায়ু দূষণের শহরের তালিকায় আজ ঢাকার অবস্থান দ্বিতীয়

বায়ু দূষণের তালিকার শীর্ষে রয়েছে আজ ভারতের কলকাতা। অন্যদিকে রাজধানী ঢাকা রয়েছে দুই নম্বরে। শনিবার বায়ুর মান পর্যবেক্ষণকারী সংস্থা এয়ার কোয়ালিটি ইনডেক্সের সূচক থেকে এই তথ্য জানা গেছে। তালিকার শীর্ষে থাকা কলকাতার স্কোর ২৫৩ অর্থাৎ সেখানকার বাতাস খুবই অস্বাস্থ্যকর পর্যায়ে রয়েছে। এরপরের তালিকায় থাকা ঢাকার দূষণ মাত্রার স্কোর ২৩৬ অর্থাৎ এখানকার বায়ুর মানও খুব অস্বাস্থ্যকর অবস্থায় রয়েছে। এছাড়া তিন নাম্বারে রয়েছে পাকিস্তানের করাচি। আর চার নাম্বারে রয়েছে ভারতের মুম্বাই, পাঁচেও রয়েছে ভারতের আরেক শহর নয়াদিল্লী।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২০.০১.২৪ এলিনা)

## প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছেন কমনওয়েলথ মহাসচিব

কমনওয়েলথ মহাসচিব প্যাট্রিসিয়া স্কটল্যান্ড বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে পুনরায় নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন। প্রধানমন্ত্রীকে পাঠানো এক অভিনন্দন বার্তায় তিনি লিখেছেন কমনওয়েলথ সচিবালয় আপনার গুরুত্বপূর্ণ কাজ চালিয়ে যাওয়ার জন্য বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে আপনাকে সমর্থন দিতে প্রস্তুত রয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে আপনি পুনঃনির্বাচিত হওয়ায় আপনাকে লিখতে পেরে আমি আনন্দিত। নতুন মেয়াদে দায়িত্ব পালন করার সাথে সাথে অনুগ্রহ করে উষ্ণ অভিনন্দন ও শুভেচ্ছা গ্রহণ করুন। বাংলাদেশ সংবাদ সংস্থা বাসস এর এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ২০.০১.২০২৪ আসাদ)

## ন্যাম সম্মেলনে বিশ্বশান্তির আহ্বান পররাষ্ট্রমন্ত্রীর

ন্যাম শীর্ষ সম্মেলন এবং উন্নয়নশীল দেশগুলোর জোট জি-৭৭ এ সাউথ সামিটে বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্বে উগান্ডায় আছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। ন্যাম সম্মেলনে সাইড লাইনে মিয়ানমারের পররাষ্ট্রমন্ত্রী থানসুয়ের সঙ্গে বৈঠক করেছেন তিনি। রোহিঙ্গা প্রত্যাবাসন এবং দুই দেশের মধ্যে গুরুত্বপূর্ণ অন্যান্য বিষয় নিয়ে দু'দেশের পররাষ্ট্রমন্ত্রীর মধ্যে আলোচনা হয়েছে। উগান্ডার রাজধানী কাম্পলায় সম্মেলনের দ্বিতীয় দিনে স্থানীয় সময় শনিবার সকালে বক্তব্য দেন হাছান মাহমুদ। এ সময় তিনি বিশ্বের সকল বিরোধের শান্তিপূর্ণ নিষ্পত্তি এবং শান্তির সংস্কৃতি সমুন্নত রাখার আহ্বান জানান। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ২০.০১.২০২৪ আসাদ)

## বাংলাদেশে আজকে গণতন্ত্র মৃত্যু, এটা দেশে-বিদেশে প্রতিষ্ঠিত : মঈন খান

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান বলেছেন দেশে গণতন্ত্র ব্যতীত অন্য কোনো পদ্ধতি চলবে না। তিনি বলেছেন সরকার গায়ের জোরে এবং বন্দুকের নলের জোরে ক্ষমতায় আছে। দেশ এবং বিদেশে প্রতিষ্ঠিত যে, আজকে বাংলাদেশে গণতন্ত্র মৃত। শনিবার জাতীয় প্রেসক্লাবের সামনে নাগরিক ঐক্যের উদ্যোগে আয়োজিত গণস্বাক্ষর অনুষ্ঠানে এসব কথা বলেন মঈন খান। এ সময় তিনি আরো বলেন মানুষের গণতান্ত্রিক অধিকার ফিরিয়ে না আনা পর্যন্ত বিএনপি রাজপথ ছাড়বে না। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ২০.০১.২০২৪ আসাদ)

## আগামীকাল ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় আগত দর্শনার্থীরা বা ভোক্তারা যাতে প্রতারিত না হয় সে বিষয়ে সর্বোচ্চ নজরদারি করা হবে বলে জানিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। শনিবার রাজধানীর পূর্বাচলে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। প্রতিমন্ত্রী জানান দর্শনার্থীদের সুবিধার্থে মেলায় অভিযোগ বক্স ও হেলপ ডেস্ক রাখা

হবে। অভিযোগ পেলেই যাচাই-বাছাই করে ব্যবস্থা নেয়া হবে। আগামীকাল রোববার সকালে এই মেলার উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ২০.০১.২০২৪ আসাদ)

### ওবায়দুল কাদেররা এই দেশটাকে দোজখে পরিণত করেছেন : রিজভী

বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন ভোটবিহীন ডামি নির্বাচন করে অবৈধ সরকার বিশ্বের কাছে দেশকে হাস্যরসে পরিণত করেছে। গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে দুঃস্থদের মাঝে কম্বল বিতরণের সময় তিনি বলেন ওবায়দুল কাদেররা এই দেশটাকে দোজখে পরিণত করেছে। এ সময় রিমান্ডের নামে বিএনপি নেতাকর্মীদের নির্যাতনসহ গুম-খুন করা হচ্ছে বলেও মন্তব্য করেন রিজভী।

(রেডিও টুডে :১৮৪৫ ঘ. ২০.০১.২০২৪ আসাদ)

### বান্দরবানের রুমায় পর্যটকবাহী জিপ গাড়ি খাদে পড়ে দুজন নিহত

বান্দরবানের রুমা বগালেক কেওক্রাডং সড়কে পর্যটনবাহী জিপ গাড়ি পাহাড়ের খাদে পড়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রীসহ দুই পর্যটক নিহত হয়েছেন। শনিবার সকাল সাড়ে দশটার দিকে এই দুর্ঘটনা ঘটে। এতে আহত হয়েছেন অন্তত ১০ জন। হতাহতরা সবাই নারী। তারা নারীর চোখে বিশ্ব নামের একটি সংগঠনের হয়ে কেওক্রাডং ভ্রমণে গিয়েছিলেন। তাদের বহনকারী গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে ৫০০ মিটার খাদে পড়ে যায় বলে গণমাধ্যমকে জানিয়েছেন রুমা উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দ মাহবুবুল হক। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ২০.০১.২০২৪ আসাদ)

## জাগো এফএম

### অস্থিরতা লোহিত সাগরে, প্রভাব বাংলাদেশের ব্যবসায়

দিন দিন কমছে পণ্যের আমদানি। এতোদিন এর বড় কারণ ছিল বৈদেশিক মুদ্রার তীব্র সংকট। সে সমস্যা প্রায় দেড় বছরের। এর সঙ্গে নতুন সংকট যুক্ত হয়েছে পণ্যের আমদানিতে। লোহিত সাগরে বাণিজ্যিক জাহাজে একের পরে এক হামলা হচ্ছে। ফলে বাংলাদেশ ও পশ্চিমা দেশগুলোর মধ্যে চলাচলকারী জাহাজগুলো আসতে হচ্ছে ভিন্ন রুট ঘুরে। এতে যেমন পণ্য আমদানিতে সময় বেশি লাগছে, তেমনি খরচও বাড়ছে। একই ধরনের সমস্যা হচ্ছে তৈরি পোশাকসহ অন্য পণ্য রপ্তানির ক্ষেত্রেও। আমদানি-রপ্তানিকারক একাধিক প্রতিষ্ঠান বলছে, চলমান সংকটে ২০ থেকে ৩০ শতাংশ জাহাজ ভাড়া বেড়েছে। সময় বেশি লাগছে ১০ থেকে ১২ দিন। পর্যায়ক্রমে এ খরচ আরও বাড়বে বলে শঙ্কা ব্যবসায়ীদের। একইসঙ্গে তারা উদ্বেগ প্রকাশ করে জানিয়েছেন, শিগগির এ সমস্যা সমাধান না হলে প্রভাব পড়বে রমজানের পণ্য আমদানিতে। অন্যদিকে বড় বিপর্যয় ঘটতে পারে তৈরি পোশাক রপ্তানি খাতেও।

(জাগো এফএম : ১৭০০ ঘ. ২০.০১.২০২৪ প্রতীক)

### দেশ থেকে রাজনীতি নির্বাসনে দেওয়া হয়েছে : মঈন খান

বিএনপির স্থায়ী কমিটির সদস্য মঈন খান অভিযোগ করে বলেছেন, `বাংলাদেশ থেকে রাজনীতিকে নির্বাসনে দেওয়া হয়েছে। এখন চলছে শুধু ক্ষমতা আর অর্থের রাজনীতি। গত ১৫ বছর ধরে বিরোধী দলকে সরকার একটি সন্ত্রাসী দল হিসেবে চিত্রায়িত করার চেষ্টা করেছে, জঙ্গি সংগঠন বলেছে। তাদের এ কথা এবার কোনো কাজে দেবে না।, শনিবার (২০ জানুয়ারি) জাতীয় প্রেস ক্লাবে গণতন্ত্র পুনরুদ্ধারে চলমান শান্তিপূর্ণ আন্দোলনে পেশাজীবীদের ভূমিকা শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। আলোচনা সভার আয়োজন করে ইউনাইটেড ল,ইয়ার্স ফ্রন্ট। সভাপতিত্ব করেন বিএনপির ভাইস চেয়ারম্যান জয়নাল আবেদীন।

(জাগো এফএম : ১৭০০ ঘ. ২০.০১.২০২৪ প্রতীক)

### দেশকে বিশ্বের কাছে হাস্যরসে পরিণত করা হয়েছে : রিজভী

`ডামি নির্বাচন করে, বিশ্বের কাছে দেশকে হাস্যরসে পরিণত করা হয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভী। জিয়াউর রহমানের জন্মবার্ষিকী উপলক্ষ্যে শনিবার (২০ জানুয়ারি) গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে জাতীয়তাবাদী মহিলা দলের উদ্যোগে দুস্থদের মধ্যে কম্বল বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, জিয়াউর রহমান ও খালেদা জিয়ার আদর্শে আমরা চলছি, যার কারণে সরকারের নির্যাতনের মধ্যেও আমাদের আন্দোলন চলমান। এ সরকার আমাদের দলের পুরুষ নেতাকর্মীদের ওপর জেল-জুলুম অত্যাচার তো করছেই সেই সঙ্গে আমাদের নারী নেত্রীদের ওপর ও জুলুম অত্যাচার করছে। এর মধ্যেও আমাদের নারী নেত্রীরা পুরুষ নেতাকর্মীদের সঙ্গে আন্দোলন সংগ্রাম চালিয়ে যাচ্ছে।

(জাগো এফএম : ১৭০০ ঘ. ২০.০১.২০২৪ প্রতীক)

### গণতন্ত্রের পক্ষে নাগরিক ঐক্যের গণস্বাক্ষর

গণতন্ত্রের পক্ষে গণস্বাক্ষর কর্মসূচি পালন করেছে নাগরিক ঐক্য। শনিবার (২০ জানুয়ারি) জাতীয় প্রেসক্লাবের সামনে `প্রহসনের নির্বাচন মানি না, গণতন্ত্রের পক্ষে গণস্বাক্ষর, শীর্ষক এ এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। বেলা ১১টা থেকে দুপুর ২টা পর্যন্ত চলে গণস্বাক্ষর। এসময় স্বাক্ষর করেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আবদুল মঈন খান, গণসংহতি

আন্দোলনের প্রধান সমন্বয়কারী জোনায়েদ সাকী, বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক, রাষ্ট্র সংস্কার আন্দোলনের প্রধান সমন্বয়কারী হাসনাত কাইয়ুম, নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্নাসহ বিভিন্ন পেশাজীবী মানুষ। (জাগো এফএম : ১৭০০ ঘ. ২০.০১.২০২৪ প্রতীক)

## ৭ জানুয়ারির নির্বাচন ছিল পারিবারিক নির্বাচন : জোনায়েদ সাকি

গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারী জোনায়েদ সাকি বলেছেন, ৭ তারিখের নির্বাচন হচ্ছে পারিবারিক নির্বাচন। তারা (সরকার) বলেছিল এই ভাগ বাটোয়ারার নির্বাচনকে সুষ্ঠু করা হবে। কিন্তু নির্বাচন সুষ্ঠু হয় নাই। মারামারি, সংঘাত হয়েছে। ভোটের মাঠগুলো ছিল বিরানভূমি, মানুষের লাইন আমরা দেখিনি। তিনি বলেন, যেখানে মানুষই ছিল না, সেখানে এই ৪১ শতাংশ আসলো কোথা থেকে? যারা বলছে আমরা ১ থেকে দেড় লাখ ভোট পেয়েছি, তারা তাদের ভোটকেন্দ্রের ভিডিও ফুটেজ আমাদের দেখায় না কেনো? মূল ঘটনা হচ্ছে, এই ২-৩ শতাংশ ভোটকে অনেক বেশি দেখানোর জন্য ব্যালটে তারা (আ.লীগ) নিজেদের মতো করে সিল মেরেছেন।
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২০.০১.২০২৪ প্রতীক)

## কম্বল বিতরণের সময় মারা গেলেন মেয়র

নীলফামারীর জলঢাকা পৌরসভার মেয়র ইলিয়াস হোসেন বাবলু মারা গেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। শুক্রবার (১৯ জানুয়ারি) রাত ১০টা ৫০ মিনিটে জলঢাকা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬২ বছর। পারিবারিক সূত্রে জানা গেছে, মেয়র ইলিয়াস হোসেন শুক্রবার (১৯ জানুয়ারি) দিনভর পৌর এলাকার বিভিন্ন স্থানে প্রান্তিক মানুষের খোঁজ-খবর নেন ও কম্বল বিতরণ করেন। রাতে পৌরসভার সতিঘাট এলাকায় শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করেন তিনি। কম্বল বিতরণের সময় ঠাণ্ডায় কাঁপছিলেন তিনি। সেখানকার কার্যক্রম শেষে গাড়িতে ওঠার সময় মাটিতে লুটিয়ে পড়েন মেয়র ইলিয়াস। এ সময় মেয়রকে দ্রুত জলঢাকা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২০.০১.২০২৪ প্রতীক)

## অ্যাম্বুলেন্স থাকলেও না দেওয়ায় হাসপাতালে হামলা

সিলেটের জৈন্তাপুরে প্রাইভেটকার নিয়ন্ত্রণ হারিয়ে চার ছাত্রলীগ কর্মী নিহতের ঘটনায় জৈন্তাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে হামলা ও অ্যাম্বুলেন্সে আগুন দিয়েছেন স্থানীয়রা। দুর্ঘটনায় হতাহতদের উদ্ধার করে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসকদের অসহযোগিতা ও গ্যারেজে অ্যাম্বুলেন্স থাকা সত্ত্বেও তাৎক্ষণিক রোগী পরিবহনে না দেওয়ায় এ হামলা চালানো হয়। স্থানীয় ও জৈন্তাপুর থানা পুলিশ সূত্রে জানা গেছে, প্রাইভেটকার খাদে পড়ে হতাহতদের উদ্ধার করে শুক্রবার (২০ জানুয়ারি) রাত ১টার দিকে জৈন্তাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান স্থানীয়রা। এ সময় চিকিৎসকরা দেরিতে এসে গুরুতর আহতদের পরীক্ষা-নিরীক্ষা শুরু করেন। চিকিৎসায় বিলম্ব ও হাসপাতালে অক্সিজেন না থাকায় স্থানীয়রা উত্তেজিত হয়ে ওঠেন। পরে হাসপাতালের চিকিৎসকরা হতাহতদের সিলেট এমএজি ওসমানী হাসপাতালে রেফার্ড করেন।(জাগো এফএম : ১৭০০ ঘ. ২০.০১.২০২৪ প্রতীক)

## কুমিল্লায় মাহফিলে মুফতি তাহেরীর গাড়ি ভাঙচুর

কুমিল্লার ব্রাহ্মণপাড়ায় ওয়াজ মাহফিল চলাকালে ইসলামি বক্তা মুফতি গিয়াস উদ্দিন তাহেরীর ব্যক্তিগত গাড়ি ভাঙচুর করেছে দুর্বৃত্তরা। বৃহস্পতিবার (১৮ জানুয়ারি) রাতে কুমিল্লার ব্রাহ্মণপাড়া উপজেলার গঙ্গামণ্ডল এলাকায় এ ঘটনা ঘটে। এ ঘটনার বর্ণনা দিতে তাহেরী ফেসবুক লাইভে এসে এসব তথ্য নিশ্চিত করেছেন। এ সময় ৯ মিনিট ধরে গাড়িতে হামলার পুরো বিস্তারিত বিবরণ তুলে ধরেন তিনি। (জাগো এফএম : ১৭০০ ঘ. ২০.০১.২০২৪ প্রতীক)

## ফের সিঙ্গাপুর নেওয়া হচ্ছে খন্দকার মোশাররফকে

উন্নত চিকিৎসার জন্য বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেনকে রোববার (২১ জানুয়ারি) আবারও সিঙ্গাপুর নেওয়া হবে। শনিবার (১৯ জানুয়ারি) বিকেলে ড. মোশাররফ হোসেনের ছেলে বিএনপির নির্বাহী কমিটির সদস্য ড. খন্দকার মারুফ হোসেন জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, রোববার রাত সাড়ে ১১টার একটি ফ্লাইটে উন্নত চিকিৎসার জন্য বাবাকে সিঙ্গাপুর নিয়ে যাবো। বাবার জন্য সবার কাছে দোয়া চাচ্ছি।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২০.০১.২০২৪ প্রতীক)

## ৭৫ মামলার পলাতক আসামি তারেক রহমান

২০০৭ সালে তত্ত্বাবধায়ক-সরকারের আমলে খালেদা জিয়া, তারেক রহমান ও আরাফাত রহমান গ্রেফতার হন। ২০০৮ সালের ৩ সেপ্টেম্বর তারেক রহমান জামিনে মুক্তি পেয়ে চিকিৎসার জন্য ১১ সেপ্টেম্বর লন্ডনে পাড়ি জমান। সেই থেকে তিনি পরিবার নিয়ে লন্ডনে অবস্থান করছেন। সেখানে থেকেই বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন। খালেদা জিয়া কারান্তরীণ হওয়ার পর ২০১৮ সালের ৯ ফেব্রুয়ারি থেকে লন্ডনে বসেই বিএনপির নেতৃত্ব দিচ্ছেন তিনি। লন্ডনে থাকা তারেক রহমানের বিরুদ্ধে হত্যা, দুর্নীতি ও মানহানির অভিযোগে ৭৫ মামলা রয়েছে। এর

মধ্যে ২০০৪ সালের ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলায় তাকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। এছাড়া অবৈধ সম্পদ অর্জনসহ আরও পাঁচ মামলায় তাকে কারাদণ্ড দেন আদালত। সব মামলায়ই তিনি পলাতক।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২০.০১.২০২৪ প্রতীক)

## সংসদে বিরোধীদল হবে জাতীয় পার্টি : জিএম কাদের

জাতীয় পার্টির চেয়ারম্যান গোলাম মোহাম্মদ (জিএম) কাদের বলেছেন, সংসদে জাতীয় পার্টি হবে বিরোধীদল। শনিবার (২০) জানুয়ারি বিকেলে রংপুর শহরের সেনপাড়ায় স্কাইভিউ বাসভবনে গণমাধ্যমকর্মীদের সঙ্গে আলাপকালে তিনি এ আশা করেন। জিএম কাদের বলেন, আমরা গত সংসদে বিরোধীদল ছিলাম। দেশ ও জাতির কল্যাণে সবসময় বিরোধীদলের ভূমিকা পালন করেছি। সরকারের গঠনমূলক সমালোচনা করেছি এবং আমাদের সুপারিশসহ অনিয়ম ও দুর্নীতি তুলে ধরেছি। এখনো আমাদের রাজনীতি ওটাই। (জাগো এফএম : ১৯০০ ঘ. ২০.০১.২০২৪ প্রতীক)

## বাংলাদেশের মতো মিয়ানমার সীমান্তেও কাঁটাতারের বেড়া বসাচ্ছে ভারত

বিদ্রোহীদের তাড়া খেয়ে দল বেধে ভারতে পালাচ্ছে মিয়ানমারের সেনারা। গত কয়েকদিনে অন্তত ৬০০ সেনা মিয়ানমার থেকে মিজোরামে ঢুকেছে। এটি রাজ্য সরকারের পাশাপাশি বিচলিত করে তুলেছে ভারতের কেন্দ্রীয় সরকারকেও। এ অবস্থায় বাংলাদেশের মতো মিয়ানমার সীমান্তেও কাঁটাতারের বেড়া বসানোর সিদ্ধান্ত নিয়েছে নয়াদিল্লি। শনিবার (২০ জানুয়ারি) আসাম পুলিশ কমান্ডোদের একটি অনুষ্ঠানে অংশ নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, বাংলাদেশ সীমান্তের মতো মিয়ানমার-ভারতের সীমান্তও সুরক্ষিত করতে হবে।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২০.০১.২০২৪ প্রতীক)

## অর্থনীতিতে বড় সংকট নেই, সব সমাধান সম্ভব : ডিসিসিআই

চলমান অর্থনৈতিক পরিস্থিতি খুব বেশি সমস্যা মনে করছে না ঢাকা চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। সংগঠনের সভাপতি আশরাফ আহমেদ বলেছেন, এখন উচ্চ মূল্যস্ফীতি, রিজার্ভে অস্থিতিশীলতা, এলসি খোলার জন্য ডলারের অপর্যাপ্ততা, গ্যাস সংকটসহ কিছু সমস্যা আছে। তবে এগুলো সবই সমাধান সম্ভব। তিনি বলেন, আমরা সব ওভারকাম করতে পারব। সে সক্ষমতাও আমাদের আছে। কোনো কাজে চ্যালেঞ্জ থাকবে না, এমন দুনিয়া হয় না। বারবার বাংলাদেশ এসব সমস্যার সমাধান করেছে, এটা প্রমাণিত সত্য। শনিবার (২০ জানুয়ারি) ডিসিসিআই আয়োজিত দেশের সমসাময়িক অর্থনীতির সার্বিক পরিস্থিতি এবং ২০২৪ সালে ডিসিসিআইর বর্ষব্যাপী কর্ম-পরিকল্পনা সম্পর্কে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২০.০১.২০২৪ প্রতীক)

## দেশের সার্বভৌমত্ব চিন্তা করলে প্রথমে জিয়াউর রহমানের নাম আসে : সেলিমা রহমান

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমান বলেছেন, দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব নিয়ে চিন্তা করলে প্রথমে যার নাম আসে, সেটি হলো শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান। জনগণকে আশা দেখিয়ে যুদ্ধে যাওয়ার আহ্বান করেছিলেন তিনি। যে সবুজ বিপ্লব তিনি করেছিলেন সেই দর্শন আজও কোনো সরকার করতে পারেনি। বিএনপির প্রতিষ্ঠাতা প্রয়াত জিয়াউর রহমানের ৮৮তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে শনিবার (২০ জানুয়ারি) জাতীয় প্রেস ক্লাবে এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। `স্বাধীন সার্বভৌম বাংলাদেশের রাজনীতি ও জিয়াউর রহমান-এর দর্শন, শীর্ষক এ সভার আয়োজন করে বাংলাদেশ সম্মিলিত পেশাজীবী পরিষদ।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২০.০১.২০২৪ প্রতীক)

# BBC

## SENIOR IRAN SECURITY OFFICIALS KILLED IN SYRIA

Four senior members of Iran's security forces have been killed in a suspected air strike on the Syrian capital. Iran's Islamic Revolutionary Guard blamed Israel for the attack, which it said killed four military advisers as well as a number of Syrian forces. Israel has not commented. For years it has carried out strikes on Iranian-linked targets in Syria. Such strikes have intensified since the Israel-Gaza war began following Hamas's 7 October attacks on Israel. Senior figures among the Revolutionary Guard - a major military, political and economic force in Iran - have been present in Syria since the civil war began there in 2011, helping to support the regime of President Bashar al-Assad against widespread rebellion to his rule. (BBC Web Page: 20/01/24, FARUK)

## ISRAELI WAR LEADER CHALLENGES NETANYAHU OVER GAZA

A key member of Israel's war cabinet has accused Prime Minister Benjamin Netanyahu of not telling the truth about the military goals in Gaza. Mr Netanyahu has publicly rejected the US push for a future Palestinian state and insisted the offensive would continue until complete victory. But Gadi Eisenkot said those advocating absolute defeat of Hamas were

not speaking the truth. The retired general's son was killed fighting in Gaza. He also said Mr Netanyahu shared sharp and clear responsibility for failing to protect his country on 7 October and urged fresh elections, saying there was no trust in Israel's current leadership. (BBC Web Page: 20/01/24, FARUK)

**JAPAN LANDS ON MOON BUT GLITCH THREATENS MISSION**

A Japanese robot has successfully touched down on the Moon but problems with its solar power system mean the mission may live for just a few hours. The Smart Lander for investigating Moon (Slim) put itself gently on the lunar surface near an equatorial crater. The feat made the Asian nation only the fifth country to soft-land on Earth's natural satellite, after the US, the Soviet Union, China and India. Engineers are now battling to save the mission, however. For reasons not yet fully understood, the craft's solar cells will not generate electricity. (BBC Web Page: 20/01/24, FARUK)

**THIRTEEN DEAD AFTER SCHOOL DORMITORY FIRE IN CHINA**

Thirteen people have died after a fire broke out in a school dormitory in central China, the country's Xinhua state news agency reported. The deadly blaze happened on Friday night at a school for young children in Yanshanpu village, Henan province. The privately-run school caters for nursery and primary age pupils, according to China Daily. The manager of the school, near Nanyang city, has been detained and an investigation is under way. One other person is being treated in hospital and is in a stable condition.
(BBC Web Page: 20/01/24, FARUK)

**TRUDEAU BALANCING ACT ON ISRAEL-GAZA PLEASES NO-ONE**

Canada's Prime Minister Justin Trudeau has tried to walk a fine line on the Israel-Gaza conflict. But by seeking to appeal to all sides, he has pleased no-one. On Thursday, Israel's envoy to Canada had a request for Mr Trudeau - that Canada leave no room for misinterpretation on a matter that the ambassador said was crystal clear. The matter was South Africa's allegation before the International Court of Justice (ICJ) against Israel, accusing it of genocide in Gaza. Israel has slammed the claim as false and grossly distorted. It was not the first time Canada's prime minister has been asked to define his country's position on the case currently before the UN's highest court.
(BBC Web Page: 20/01/24, FARUK)

**ARGENTINA EXPELS FAMILY OF ECUADOR GANG LEADER**

The wife and children of a wanted Ecuadorian gang leader have been detained and expelled from Argentina. Argentina's security minister said the move against Adolfo Macias Villamar's family showed the country is a hostile territory for narco-criminals. The gang leader, known as Fito, is at large after escaping from an Ecuadorian prison earlier this month. Ecuador is under a state of emergency as a nationwide search for the organized crime boss continues. (BBC Web Page: 20/01/24, FARUK)

**TRACKING HOUTHI ATTACKS IN THE RED SEA**

In recent weeks the dangers for shipping in the Red Sea region have increased dramatically, as Iranian-backed Houthi fighters have targeted commercial shipping with drone and missile attacks, as well as more brazen assaults by boat and helicopter. The Houthis, who control a large part of Yemen, have declared their backing for Hamas in its war with Israel, and say they are targeting commercial vessels with links to Israel. But many of the ships targeted, particularly in recent days, have no clear links to Israel at all. Houthi forces have used a range of weaponry, including missiles and kamikaze attack drones. They possess Qasef-1 and Qasef-2 drones with an estimated range of 200km, and others with a flying range of up to 1,800km. Their ground-launched missiles may be capable of striking ships up to 800km away. (BBC Web Page: 20/01/24, FARUK)

**PAKISTAN-IRAN DIPLOMATIC TIES RESTORED AFTER STRIKES**

Pakistan and Iran have restored diplomatic ties according to the caretaker prime minister Anwaar-ul-Haq Kakar's office. It comes after both countries exchanged drone and missile strikes on militant bases on each other's territory. As a result of the tit-for-tat attacks Iran and Pakistan withdrew their ambassadors from the respective capitals. Both ambassadors are now expected to return to their posts following talks. Iran said Thursday's strikes killed nine people in a border village on its territory, including four children. Pakistan said an Iranian attack on Tuesday killed two children. There has been no immediate comment from Iran on the talks. (BBC Web Page: 20/01/24, FARUK)

**SUDAN SUSPENDS MEMBERSHIP IN IGAD REGIONAL BLOC**

The government of war-ravaged Sudan says it has suspended its membership in the Intergovernmental Authority on Development (IGAD), the east African regional bloc that has tried to broker talks between the country's warring parties. Saturday's announcement was made by the foreign ministry, which is loyal to Abdel Fattah al-Burhan, the army chief and Sudan's de facto leader. The Sudanese army and the Rapid Support Forces (RSF) paramilitary group have been fighting for nine months in a war that has killed thousands of people and displaced more than seven million. (BBC Web Page: 20/01/24, FARUK)

**OIL SUPPLY TIGHTENS IN EUROPE OVER RED SEA DISRUPTIONS**

The structure of the global benchmark Brent crude futures market and some physical markets in Europe and Africa have been reflecting tighter supply partly over concerns about shipping delays as vessels avoid the Red Sea due to missile and drone attacks. The disruptions - which have been the largest to global trade since the Covid-19 pandemic - have combined with other factors such as rising Chinese demand to increase competition for crude supply that does not have to transit the Suez Canal, and analysts say this is most evident in European markets. (BBC Web Page: 20/01/24, FARUK)

## :: The End ::